# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 03, 1430 Bangla, February 16, 2024, Friday, No. 47, 54th year

# H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina has arrived in Germany on a three-day official visit to attend the Munich Security Conference. (VOA: 09)

AL GS Obaidul Quader says, government is not thinking about banning BNP. BNP has been identified and tested as a terrorist group for its own activities. (R. Tehran: 11)

BNP SG Mirza Fakhrul Islam Alamgir, Standing Committee Member Amir Khosru Mahmud Chowdhury and Central Leader Shahid Uddin Chowdhury have been released from prison on bail. (BBC: 04)

After being released from prison, Mirza Fakhrul says, "People are struggling for right to vote, right to democracy. We will continue our peaceful agitation until the victory of the people." (DW : 12)

Dr. Muhammad Yunus alleges, eight institutions, including Grameen Telecom and Grameen Kalyan, which he founded, were extorted. Adds, he has never seen such a disaster. Where has the law-court gone?" (BBC: 05)

Russian ambassador to Dhaka Alexander Mantitsky says, they are supplying weapons to Myanmar. India and China are also supplying arms and they are ready to supply arms to BD too.' (Jago FM: 20)

330 people including BGP members who fled to Bangladesh due to the conflict between Myanmar military forces and rebel groups have been sent back to their country by ship. (BBC: 03)

Bangladesh Bank has introduced US dollar swap system with BD currency. Through this new system, from now on, commercial banks will be able to exchange dollars with BDT from BB. (VOA: 10)

CU campus has become a battlefield in clash between two groups of CL. 10 people, including two proctors, were injured by bricks in the clash between Vijay and 69 groups. (R. Today: 13)

Court has issued an arrest warrant against Chottagram-10 Constituency MP Md. Mohiuddin Bachchu in a case filed by EC for violating election code of conduct by distributing donation checks to mosques and temples. (R. Today: 14)

3 more products have been recognized as GI of BD taking the number of GI products to 31. The three new GI products are Jessore's date molasses, Rajshahi's sweet betel leaf and Jamalpur's nakshi kantha. (Jago FM: 18)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ০৩, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ১৬, ২০২৪, শুক্রবার, নং- ৪৬, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে তিন দিনের সরকারি সফরে জার্মানি পৌঁছেছেন। (ভোয়া: ৯)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপির রাজনীতি বন্ধের বিষয়ে ভাবছে না সরকার। নিজেদের কর্মকাণ্ডের জন্যই বিএনপি সন্ত্রাসী দল হিসেবে চিহ্নিত ও পরীক্ষিত। (রে. তেহরান: ১১)

বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী এবং কেন্দ্রীয় নেতা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি কারাগার থেকে জামিনে মুক্তি পেয়েছেন। (বিবিসি : ০৪)

কারাগার থেকে মুক্তি পেয়ে মির্জা ফখরুল বলেছেন, "বাংলাদেশে ভোটের অধিকার, গণতন্ত্রের অধিকারের জন্য মানুষ সংগ্রাম করছে। আমরা জনগণের বিজয় না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাব।" (ডয়চে ভেলে : ১২)

বাংলাদেশের নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস তার প্রতিষ্ঠিত গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণসহ আটটি প্রতিষ্ঠান 'জবরদখলের' অভিযোগ করেছেন। বলেছেন, এই রকম দুর্যোগ আর দেখিনি কোনোদিন। আইন -আদালত কোথায় গেলো?" (বিবিসি : ০৫)

ঢাকায় নিযুক্ত রুশ রাষ্ট্রদূত আলেক্সান্ডার মান্টিটস্কি মিয়ানমারে রাশিয়ার অস্ত্র বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'আমরা অস্ত্র সরবরাহ করছি। কিন্তু একই সঙ্গে ভারত, চীনও অস্ত্র সরবরাহ করছে। আমরা বাংলাদেশকেও অস্ত্র সরবরাহ করতে প্রস্তুত আছি।' (জাগো এফএম: ২০)

মিয়ানমারের সামরিক বাহিনী ও বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জেরে বাংলাদেশে পালিয়ে আশ্রয় নেয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী- বিজিপি সদস্যসহ ৩৩০ জনকে জাহাজে করে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে। (বিবিসি : ০৩)

বাংলাদেশি মুদ্রা টাকার সঙ্গে যুক্তরাষ্ট্রের মুদ্রা ডলার অদলবদল বা সোয়াপ ব্যবস্থা চালু করেছে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক। বাণিজ্যিক ব্যাংকগুলো এখন থেকে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে ডলারের সঙ্গে টাকার অদলবদল করতে পারবে। (ভোয়া: ১০)

ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বিজয় ও ৬৯ গ্রুপের মধ্যে সংঘর্ষে ইটের আঘাতে দুই প্রক্টর সহ ১০ জন আহত হয়েছেন। (রে. টুডে: ১৩)

চট্টগ্রাম-১০ আসনের এমপি মো. মহিউদ্দিন বাচ্চুর বিরুদ্ধে নির্বাচন কমিশনের দায়ের করা মামলায় গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। তার বিরুদ্ধে ৭ই জানুয়ারি নির্বাচনের আগে আচরণবিধি লঙ্ঘন করে মসজিদ-মন্দিরে অনুদানের চেক বিতরণের অগিযোগ প্রতিদ্বন্দ্বি প্রার্থী। (রে. টুডে: ১৪)

বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক, জিআই হিসেবে স্বীকৃতি পেয়েছে আরো ৩টি পণ্য। এতে দেশে অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা বেড়ে হলো ৩১টি। পণ্য তিনটি হলো, যশোরের খেজুরের গুড়, রাজশাহীর মিষ্টি পান এবং জামালপুরের নকশিকাঁথা। (জাগো এফএম: ১৮)

# বিবিসি

## মিয়ানমারের ৩৩০ নাগরিককে ফেরত পাঠানো হলো

মিয়ানমারের সামরিক বাহিনী ও বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জেরে বাংলাদেশে পালিয়ে আশ্রয় নেয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী- বিজিপি সদস্যসহ ৩৩০ জনকে জাহাজে করে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে। দুই দফায় বাংলাদেশের একটি জাহাজে করে তাদের ঘাট থেকে গভীর সমুদ্রে অবস্থান করা মিয়ানমারের একটি জাহাজে তুলে দেয়া হয়। সকালে প্রথম দফায় ১৬৫ জন ও বিকেলের দিকে বাকি ১৬৫ জনকে ঘাট থেকে জাহাজে করে মিয়ানমারের জাহাজে তুলে দেয়া হয়। বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবির পক্ষ থেকে জানানো হয়েছে, "৩৩০ জন মিয়ানমার নাগরিককে বিজিবি'র কক্সবাজার রিজিয়নের সার্বিক তত্ত্বাবধানে বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) এর কাছে হস্তান্তর করা হয়েছে।" বৃহস্পতিবার সকালে আশ্রিতদের মিয়ানমার কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করার প্রক্রিয়া শুরু হয় বলে জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। যাদের মধ্যে মিয়ানমারের বিজিপি, সেনা, ইমিগ্রেশন ও পুলিশের সদস্য রয়েছে। এর আগে, ভোর সাড়ে পাঁচটার দিকে কক্সবাজারের টেকনাফের হ্নীলা হাই স্কুল ও বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম উচ্চ বিদ্যালয় থেকে মিয়ানমারের এই নাগরিকদের ১২টি বাসে করে কক্সবাজার ইনানীর বঙ্গোপসাগরের উপকূলে নেয়া হয়। বাংলাদেশে আশ্রিত মিয়ানমারের এসব সদস্যদের কড়া নিরাপত্তার মধ্য দিয়ে জেটি ঘাটে নিয়ে যাওয়া হয়। প্রাথমিকভাবে জেটি ঘাটের কাছে একটি অস্থায়ী শেডে রাখা হয় তাদের। সেখান থেকেই একে একে তোলা হয় জাহাজে। এছাড়া, চারটি অ্যাম্বুলেন্সে করে ঘাটে নেয়া হয় দেশটির আহত নাগরিকদের।

সাম্প্রতিক সময়ে অভ্যন্তরীণ সংঘাতময় পরিস্থিতিতে মিয়ানমারের এই নাগরিকরা পালিয়ে বাংলাদেশে আসে। তাদের হস্তান্তরের প্রক্রিয়া নিয়ে আলোচনার ভিত্তিতে উভয় দেশ সিদ্ধান্তে পৌঁছে। সেই প্রেক্ষিতে মিয়ানমারের নৌ বাহিনীর একটি জাহাজ সিতওয়ে বন্দর দিয়ে বাংলাদেশের সীমানার কাছে আসে। সেটি গভীর সমুদ্রে নোঙ্গর করে রাখা হয়েছিল। বেলা ১১টার দিকে আশ্রয় নেয়াদের বাংলাদেশ কোস্টগার্ডের একটি জাহাজে তোলা শুরু হয় তাদের। প্রথমে ১৬৫ জনকে নিয়ে একটি জাহাজ গভীর সমুদ্রে থাকা মিয়ানমারের জাহাজের উদ্দেশে যাত্রা করে। বিকেলে বাকি ১৬৫ জনকে নিয়ে রওনা দেয় বাংলাদেশের জাহাজ। সকালে মিয়ানমারের পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল আসেন। তারা আশ্রিতদের তালিকা দেখে ফিরিয়ে নেয়ার প্রস্তুতি সম্পন্ন করেন। পরে মিয়ানমারের প্রত্যেক নাগরিককে একজন করে বিজিবি সদস্য হাতে ধরে জেটিতে ভিড়িয়ে রাখা বাংলাদেশের জাহাজ অভিমুখে নিয়ে যান।

বিজিবির পক্ষ থেকে জানানো হয়, আশ্রয় গ্রহণকারী ৩৩০ জনের মধ্যে ৩০২ জন বিজিপি সদস্য, চার জন বিজিপি পরিবারের সদস্য, দুই জন সেনা সদস্য, ১৮ জন ইমিগ্রেশন সদস্য এবং চার জন বেসামরিক নাগরিক। মিয়ানমারের অভ্যন্তরে রাষ্ট্রীয় জান্তা বাহিনীর সঙ্গে বিদ্রোহী গোষ্ঠীগুলোর চলমান সংঘর্ষের প্রেক্ষিতে জীবন বাঁচাতে গত ৪ঠা ফেব্রুয়ারি থেকে পরবর্তী কয়েকদিন বাংলাদেশে পালিয়ে আশ্রয় নেয় মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী ও সেনা সদস্যসহ ৩৩০ জন। এর মধ্যে দুই নারী ও দুই শিশুও রয়েছে। আশ্রয় নিতে আসা ৩৩০ জনের মধ্যে ১৫৫ জনকে ঘুমধুম উচ্চ বিদ্যালয়ে এবং হ্নীলা উচ্চ বিদ্যালয়ে ১৬৬ জনকে রাখা হয়। এছাড়া আহতদের মধ্যে কক্সবাজার সদর হাসপাতালে পাঁচ জন ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চারজনকে চিকিৎসা দেয়া হয়। সম্প্রতি বান্দরবান ও কক্সবাজারের সীমান্ত ঘেঁষে মিয়ানমারের অভ্যন্তরে সে দেশের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর ব্যাপক সংঘর্ষ চলে।

এক পর্যায়ে নাইক্ষ্যংছড়ির ঘুমঘুম থেকে টেকনাফের হোয়াইক্যং পর্যন্ত সীমান্ত দিয়ে মিয়ানমারের অভ্যন্তরে থাকা প্রায় ডজনখানেক সীমান্ত চৌকি ফেলে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয় এসব বিজিপি সদস্যরা। বিজিবির পক্ষ থেকে জানানো হয়, বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু, ঘুমধুম ও বাইশফাঁড়ী সীমান্তের বিপরীতে মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর তুমব্রু রাইট ও লেফট ক্যাম্পে আক্রমণ করে দেশটির সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী। একইসাথে কক্সবাজারের উখিয়া উপজেলার বালুখালী, পালংখালী এবং টেকনাফ উপজেলার হোয়াইক্যং, হ্নীলা ও শাহপরীরদ্বীপ সীমান্তের বিপরীতে কাইচিংরং, মইদু, গুদুছড়া ও মংডু এলাকায়ও গোলাগুলি ও সংঘর্ষের ঘটনা ঘটে। ফলে মিয়ানমারের বিজিপি, সেনা, পুলিশ, ইমিগ্রেশন ও বেসামরিক সদস্যরা প্রাণভয়ে পালিয়ে সীমান্ত অতিক্রম করে অস্ত্রসহ বিজিবি'র কাছে আত্মসমর্পণ করে বলে বিজিবি জানায়।

এদিকে টানা কয়েকদিন ধরে সীমান্তের ওপর থেকে থেকে গোলাগুলি ও মর্টার শেল নিক্ষেপের ঘটনায় আতঙ্কিত হয়ে পড়ে বাংলাদেশের সীমান্তবর্তী এলাকার সাধারণ মানুষ। ৫ই ফেব্রুয়ারি নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামের একটি রান্নাঘরের ওপর মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে দু'জন নিহত হন।

সীমান্তের সবকটি চৌকি আরাকান আর্মির দখলে রয়েছে বলে জানা যাচ্ছে। আর সেসব চৌকি পুনরুদ্ধার করতে মিয়ানমারের জান্তা সরকারের সেনাবাহিনী যেকোনো মুহূর্তে হামলা চালাতে পারে। ফলে যেকোনো মুহূর্তেই ফের সংঘাতের শঙ্কা রয়েছে সীমান্তের ওপারে। তার প্রভাব এপারেও এসে পড়ে কিনা সে উৎকণ্ঠায় দিন পার করছেন বাংলাদেশের সীমান্তবর্তী বাসিন্দারা। বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষা নিয়ে দুশ্চিন্তায় ছিল সীমান্তবর্তী পাঁচ শতাধিক এসএসসি পরীক্ষার্থী। এই পরিস্থিতিতে সীমান্তে থাকা একটি শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা কেন্দ্র সরিয়ে নেওয়া হয়েছে। এরই মধ্যে নতুন কেন্দ্রে পরীক্ষা দেওয়ার অনুমোদনও এসেছে। বর্তমানে পুরো সীমান্ত এলাকা

বিজিবির নিয়ন্ত্রণে রয়েছে বলে বাহিনীটির পক্ষ থেকে জানানো হয়। সীমান্তে টহল ও জনবল বৃদ্ধি করা হয়েছে। সর্বোচ্চ সতর্ক অবস্থানে থেকে বিজিবি সীমান্তের পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছে।

পরিস্থিতি যাই হোক, সীমান্ত দিয়ে আর মিয়ানমারের আর কোন নাগরিককেও বাংলাদেশে অনুপ্রবেশ করতে দেওয়া হবে না বলে বিজিবির পক্ষ থেকে জানানো হয়েছে। ২০২১ সালের মিয়ানমারের সেনা অভ্যুত্থানের পর থেকে এই প্রথম বড় ধরনের চ্যালেঞ্জের মুখে পড়েছে জান্তা সরকার। বিদ্রোহীদের দফায় দফায় হামলা সামরিক শাসকদের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। আরাকান আর্মি এবং মিয়ানমারের সামরিক জান্তার অব্যাহত সংঘর্ষের কারণে সীমান্তের কাছে মিয়ানমারের মংডু অঞ্চল থেকে জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও বেসরকারি সংস্থাগুলো (এনজিও) তাদের কার্যক্রম গুটিয়ে নিচ্ছে। (বিবিসি ওয়েব পেজ: ১৫.০২.২০২৪ রিহাব)

## একদিনে কারামুক্ত হলেন মির্জা ফখরুলসহ বিএনপি'র তিন নেতা

বাংলাদেশের অন্যতম রাজনৈতিক দল বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী কারাগার থেকে মুক্তি পেয়েছেন। বৃহস্পতিবার বিকেলে জামিনের কাগজপত্র ঢাকা কেন্দ্রীয় কারাগারে পৌঁছালে মুক্তি পেয়ে বেরিয়ে আসেন দলটির এই দুই শীর্ষ নেতা। একইদিনে জামিনে মুক্তি পেয়েছেন বিএনপি'র আরেক কেন্দ্রীয় নেতা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। সকাল থেকেই কেরাণীগঞ্জে কারাগারের সামনে ভিড় করছিলেন দলটির নেতাকর্মীরা। কারামুক্ত হওয়ার পর নেতাদের শুভেচ্ছা জানান তারা। কারা ফটকে সাংবাদিকদের মির্জা ফখরুল বলেন, "দেশের জনগণ সবসময়ই গণতন্ত্রের জন্য সংগ্রাম করেছে। অধিকার আদায়ের যে সংগ্রাম তারা শুরু করেছে তাতে জয় আসবেই।"

গত বছরের ২৮ই অক্টোবর বিএনপির মহাসমাবেশের কর্মসূচির পরপর গ্রেফতার হয়ে সাড়ে তিন মাস বন্দি ছিলেন মির্জা ফখরুল ও আমীর খসরু। আর, এ্যানিকে গ্রেফতার করা হয়েছিল অক্টোবরের ১০ তারিখে। ২৮ অক্টোবরের কর্মসূচি ও তার ধারাবাহিকতায় সহিংসতায় জড়িত থাকার অভিযোগে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে ১১টি মামলায় আসামি করা হয়। এসব মামলার মধ্যে ১০টিতে তিনি আগেই জামিন পেয়েছিলেন। স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ১০ মামলার আসামি। এর মধ্যে নয়টিতে জামিনপ্রাপ্ত ছিলেন। সর্বশেষ প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় বুধবার আদালত তাদের দু'জনের জামিন মঞ্জুর করেন। সরকারের পদত্যাগ ও নির্দলীয় সরকারের অধীনে নির্বাচন করার দাবিতে ২৮শে অক্টোবর মহাসমাবেশ করেছিল বিএনপি। ওই সমাবেশের পর সংঘর্ষের বিভিন্ন ঘটনায় পর দিনই ২৮টি মামলা হয়। এসব মামলায় বিএনপির শীর্ষস্থানীয় বেশির ভাগ নেতাকে আসামি করা হয়েছে। একেকজনের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও ভাঙচুর, সরকারি কাজে বাধা, পুলিশ হত্যা, অগ্নিসংযোগ, পুলিশের অস্ত্র ছিনিয়ে নেয়া, হাসপাতালে আগুনসহ নানা অভিযোগ আনা হয় তাদের বিরুদ্ধে। গ্রেফতার হন বিএনপির মহাসচিব-সহ শীর্ষস্থানীয় নেতারা। এছাড়া, গয়েশ্বর চন্দ্র রায়, রুহুল কবির রিজভী, আব্দুল আউয়াল মিন্টু, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী, আমান উল্লাহ আমান, শাহজাহান ওমর, মোয়াজ্জেম হোসেন আলাল, মাহবুব উদ্দিন খোকন-সহ শীর্ষস্থানীয় সব নেতার বিরুদ্ধেই ২৮শে অক্টোবরের ঘটনায় নাশকতার মামলা হয়। ঢাকার পল্টনে গত ২৮শে অক্টোবর বিএনপির মহাসমাবেশকে ঘিরে হামলা, ভাঙচুর ও সংঘর্ষের ঘটনায় দায়ের করা নয়টি মামলায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর সিএমএম আদালতে জামিন পান গত ১০ জানুয়ারি। তবে, তখনই তার মুক্তি মিলবে না বলে জানিয়েছিলেন আইনজীবীরা। কারণ হিসেবে জানান, ওইদিন প্রধান বিচারপতির বাসভবনে ভাঙচুরের ঘটনায় রমনা থানার আরেকটি মামলায় তাকে জামিন দেননি হাইকোর্ট। এ মামলায় এর আগে বিচারিক আদালত জামিন না দিলে হাইকোর্টে জামিন চাওয়া হয়। হাইকোর্ট ও বিচারিক আদালতে এর আগে অন্তত পাঁচবার জামিন আবেদন নামঞ্জুর হয় বিএনপি মহাসচিবের।

গত ২৯ শে অক্টোবর তাকে গ্রেফতারের পর দিন পল্টন থানার একটি মামলায় ঢাকার সিএমএম মেট্রোপলিটন সেশন জজ আদালত এবং হাইকোর্টে তিন দফায় জামিন আবেদন খারিজ হয়। ওই সময়ে প্রধান বিচারপতির বাসভবনে হামলা, ভাঙচুর, নাশকতা ও পুলিশ হত্যার অভিযোগে রাজধানীর পল্টন ও রমনা থানায় মোট ১১টি মামলা হয়। বিএনপি নেতাদের আইনজীবীরা তখন অভিযোগ করে বলেছিলেন, "১১টি মামলা করলেও গ্রেফতারের সময় মির্জা ফখরুলকে মাত্র একটি মামলায় গ্রেফতার দেখানো হয়। যাতে আদালত থেকে জামিন পেলে আবার আরেক মামলায় গ্রেফতার দেখানো যায়।" সরকার তাকে দীর্ঘমেয়াদী কারাগারে রাখার জন্য এই প্রক্রিয়া ব্যবহার করেছে বলে দাবি করেন আইনজীবীরা। ১০ জানুয়ারি দুপুরে সিএমএম আদালতে পল্টন ও রমনা থানার নয়টি মামলায় মির্জা ফখরুল ইসলামের জামিন আবেদনের শুনানি হয়। প্রায় এক ঘণ্টাব্যাপী এ শুনানিতে তার আইনজীবী আসাদুজ্জামান নয়টি মামলার এজাহার ধরে বিশ্লেষণ করেন। তিনি বলেন, "আইনানুযায়ী বয়স ও অসুস্থ বিবেচনায় তার জামিন পাওয়ার অধিকার রয়েছে।"

নাশকতা, পুলিশ-হত্যা ও প্রধান বিচারপতির বাসভবনে হামলা, ভাঙচুরের অভিযোগে রমনা ও পল্টন থানায় দশটি মামলা হয় বিএনপির স্থায়ী কমিটির সদস্য অমীর খসরু মাহমুদ চৌধুরীর বিরুদ্ধে। গত তেসরা নভেম্বর তাকে গ্রেফতার করা হয়। "সরকার বিচারিক প্রক্রিয়াকে দীর্ঘায়িত করতে একেকজনের বিরুদ্ধে অনেক মামলা থাকলেও গ্রেফতারের

সময় আদালতে মাত্র একটি মামলায় হাজির করে", এটি ছিল বিচারিক কার্যক্রম চলাকালীন তার আইনজীবী সগির হোসেন লিওনের অভিযোগ। "যাতে জামিনের আবেদন একটিতে হয়। ফলে বাকি সব মামলায় জামিনের জন্য হাইকোর্টে আবার রিট করে বিচারিক আদালতকে নির্দেশনা নিতে হয়েছে বেশিরভাগ বিএনপি নেতার মামলায়", বলছিলেন মি. লিওন। (বিবিসি ওয়েব পেজ:১৫.০২.২০২৪ রিহাব)

## ড. ইউনূস যে কারণে গ্রামীণ ব্যাংকের বিরুদ্ধে 'জবরদখলের' অভিযোগ করলেন

বাংলাদেশের নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস তার প্রতিষ্ঠিত গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণসহ আটটি প্রতিষ্ঠান 'জবরদখলের' অভিযোগ করেছেন। তারই প্রতিষ্ঠিত অপর প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের বিরুদ্ধে এ অভিযোগ করেন তিনি। ড. মুহাম্মদ ইউনূস গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণসহ এসব প্রতিষ্ঠানের চেয়ারম্যান। ঢাকার মিরপুরের চিড়িয়াখানা রোডে 'টেলিকম ভবন' নামে ১৩ তলা একটি ভবনে এসব প্রতিষ্ঠানগুলোর কার্যালয়। বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটায় টেলিকম ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ড. মুহাম্মদ ইউনূস বলেন, " আমরা একটা ভয়ংকর পরিস্থিতির মধ্যে পড়ে গেছি। আমরা একটা স্বপ্নের বীজতলা হিসেবে এই ভবন তৈরি করেছিলাম"। "কিন্তু চারদিন আগে ১২ই ফেব্রুয়ারি কিছু বাইরের লোক এসে এটা জবরদখল করে নিলো। আমরা তাদের কাছে বাইরের লোক হয়ে গেলাম। আমরা পুলিশের সহায়তা চাইলাম তারা প্রথমে জিডি গ্রহণই করলো না। তারপর একবার এসে ঘুরে গেলো , কিন্তু কোন অসুবিধা দেখলো না" জানান তিনি। "আমরা বহুরকম দুর্যোগের মধ্যে যাই। কিন্তু এই রকম দুর্যোগ আর দেখিনি কোনদিন। তারা আমাদের দরজায় এসে তালা দিয়ে যাচ্ছে, সকালবেলা এসে আবার খুলে দিচ্ছে। এইরকম জবরদখল আর দেখিনি। আইন -আদালত কোথায় গেলো?" প্রশ্ন রাখেন ড. মুহাম্মদ ইউনূস।

গত ১২ই ফেব্রুয়ারি বিকেলে টেলিকম ভবনে গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা পরিচয়ধারী কয়েকজন ব্যক্তি গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণসহ কয়েকটি প্রতিষ্ঠান 'দখলের' খবর বাংলাদেশের গণমাধ্যমে প্রকাশিত হয়। এরপর এ নিয়ে প্রথমবারের মত কথা বললেন ড. ইউনূস। সকাল পৌনে নয়টা থেকেই মিরপুরের চিড়িয়াখানা রোডে অবস্থিত এ ভবনের সামনে বেশ কিছু লোকজন জড়ো হয়। এ সময় তারা ভবনটি অবরোধ করে রাখে। যাতে ভেতরে কেউ প্রবেশ করতে না পারে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, এ সময় তারা ভবনের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের ভেতরে প্রবেশে বাধা দিচ্ছিলো। বেশ কিছু মহিলা এ সময় ঝাড়ু মিছিল করে। তারা ভবনের সামনের রাস্তায় বসে পড়ে বিভিন্ন স্লোগান দিতে থাকে। এদেরই একজন মহিলা দাবি করেন, তাদেরকে এখানে বসে থাকতে বলা হয়েছে। কাউকে যাতে ঢুকতে না দেয়া হয়, সেজন্য তারা এখানে বসে আছেন। পরে এগারটা বিশের দিকে তারা ওই স্থান ত্যাগ করেন।

গ্রামীণ কমিউনিকেশনসের এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান নাজনীন সুলতানা বিবিসি বাংলাকে বলেন, "সকালে সাড়ে নয়টায় যখন অফিসে ঢুকতে আসি তখন কয়েকজন আমাদের বাধা দেয়। তারা নিজেদের যুবলীগের বলে পরিচয় দেয়। তারা জয় বাংলা স্লোগান দিয়ে মিছিল করছে"। "এ সময় তারা বলে আপনারা ঢুকতে পারবেন না। অর্ডার আছে" জানান মিজ সুলতানা। ১২ ই ফেব্রুয়ারি দখলের দিনের ঘটনা উল্লেখ করে তিনি বলেন, গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা পরিচয় দিয়ে সেদিন যারা এসেছিলো তারা সেদিন আমাদের অফিসগুলোতে তালা দিয়ে দেয়। পরে বেলা সাড়ে বারোটায় ড. মুহাম্মদ ইউনূস টেলিকম ভবনে আসেন। এখানে তিনি একটি সংবাদ সম্মেলনে গত কয়েকদিনের ঘটে যাওয়া ঘটনার বিবরণ দেন।

ড. ইউনূস সংবাদ সম্মেলনে বলেন, "সারাদিন ধরে ডেমোনেস্ট্রেশন হচ্ছে, ঝাড়ু নিয়ে মিছিল হচ্ছে কেন হচ্ছে তাওতো বুঝতে পারছি না। আমরা হঠাৎ করে কেন ঝাড়ুর যোগ্য হয়ে গেলাম এটা বুঝতে পারছি না"। "আমরা তো নিজের বাড়িতেই আছি। এটা তো আমাদের নিজেদের প্রতিষ্ঠান, অফিস করতে আসছি। কেন ঢুকতে দেয়া হবে না। অনেক রকম দূর্যোগের মধ্যে দিয়ে যাই। কিন্তু এই রকম দুর্যোগ আর দেখিনি। এখনো এ পরিস্থিতি বিরাজমান আছে" বলেন মি. ইউনূস। তিনি জানান, "১২ই ফেব্রুয়ারি বিকালে বেশ কয়েকজন অফিসে এসে কার্ড না দেখিয়ে জোর করে ঢুকে পড়ে। একজনকে জিজ্ঞেস করলাম সে বললো এটা তার বাবার সম্পত্তি দখল করে হয়েছে। তাহলে তারা আইন - আদালতে যাক। এভাবে জবরদখল করা যায়?" 'পুলিশ আমাদের কথা শুনতেছে না কার কাছে যাবো, কোথায় যাবো' এমন প্রশ্ন করেন ড. মুহাম্মদ ইউনূস। ১২ই ফেব্রুয়ারি মিরপুরের শাহ আলী থানায় সাধারণ ডায়েরি করতে গেলেও তা নেয়া হয়নি বলে অভিযোগ করেন তিনি।

গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক মো. নাজমুল ইসলাম জানান, ১২ ই ফেব্রুয়ারি তারা এসে বলে গ্রামীণ টেলিকম ও্ গ্রামীণ কল্যাণে চেয়ারম্যান ও কয়েকজন পরিচালক মনোনয়ন দেয়া হয়েছে। তারা এ সময় অফিসের কর্তৃত্ব নেবে বলে হুমকি-ধামকি দেয়। "এরপরে তারা অফিসগুলোতে তালা দিয়ে দেয়। আমরা অফিসে বসতে পারছি না, এ অবস্থা চলছে তিন দিন। আমরা বের হয়ে গেলে তারা তালা দিয়ে দিচ্ছে, ফলে তাদের সহায়তা ছাড়া ঢুকতে পারছি না" জানান মি. ইসলাম। গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা বলে নিজেদের পরিচয় দেয়া ব্যক্তিরা তাদের একটি অফিস আদেশের কথা জানান। যাতে চেয়ারম্যান ও পরিচালক মনোনয়নের আদেশের কথা বলা হয়েছে। ওইদিন রাতে সাতটি অফিস আদেশ পাঠানো হয়। গ্রামীণ কল্যাণের ডেপুটি জেনারেল ম্যানেজার মো. ইউসুফ রেজা খান জানান, "গত দুইদিন আমরা আসলে তারা তালা খুলে দেয়। আমরা অফিস করি। আজ সকালে তারা তালা খুলে দেয়নি। আমরা অফিস

করতে পারিনি ”। এদিন টেলিকম ভবনে ড. মুহাম্মদ ইউনূসের সাথে একাত্মতা পোষণ করতে আসেন বাংলাদেশের কয়েকজন মানবাধিকার কর্মী। তাদের মধ্যে ফরিদা খানম, শহীদুল হক, খুশী কবির ছিলেন অন্যতম।

এদিকে, এসব অভিযোগের বিষয়ে কথা বলতে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদসহ শীর্ষ কর্মকর্তাদের সাথে একাধিকবার যোগাযোগ করা হলেও কোন সাড়া পাওয়া যায়নি। গ্রামীণ ব্যাংক থেকে গ্রামীণ টেলিকম ও কল্যাণের কাছে সাতটি অফিস আদেশ পাঠানো হয়েছে । এসব আদেশে বলা হয়েছে, গ্রামীণ টেলিকমের আর্টিকেল অব এসোসিয়েশন এর ৩৫ ধারা অনুযায়ী, তিনজন ব্যক্তিকে গ্রামীণ টেলিকমের পরিচালক হিসেবে মনোনীত করা হয়েছে। তারা হলেন মাসুদ আখতার এন্ড অ্যাসোসিয়েটের কনসালট্যান্ট মোহাম্মদ জিম জোবায়ের, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ কে এম গোলাম রাব্বানী এবং গ্রামীণ ব্যাংকের সিনিয়র প্রিন্সিপ্যাল অফিসার মো. গোলাম জাকারিয়া রহমান। একইসাথে গ্রামীণ ব্যাংকের বর্তমান চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদকে গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয়েছে।

ড. ইউনূসের প্রতিষ্ঠিত সামাজিক ব্যবসার গ্রামীণ প্রতিষ্ঠানগুলো কোম্পানি আইন - ১৯৯৪ এর অধীনে নিবন্ধিত প্রাইভেট লিমিটেড কোম্পানি। সে সময় এসব প্রতিষ্ঠানের আর্টিকেল অব এসোসিয়েশনের একটা বিধান রাখা হয়েছিলো যাতে গ্রামীণ ব্যাংকের প্রতিনিধিত্ব রাখা যায়। সে বিধানে বলা হয়েছিলো, গ্রামীণ ব্যাংক গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণে দুই বা তিনজন পরিচালক ও চেয়ারম্যান মনোনীত করতে পারবে। এই বিধানের আওতায় গ্রামীণ ব্যাংক ১৯৯৫ সালে গ্রামীণ টেলিকম ও ১৯৯৬ সালে গ্রামীণ কল্যাণে প্রথম চেয়ারম্যান হিসেবে ড. মুহাম্মদ ইউনূসকে মনোনয়ন দেয়। এছাড়া পরিচালক পদে দুই/ তিনজনকে মনোনয়ন দেয়। জানা যায়, পরবর্তীতে ২৭ বছর পর্যন্ত এসব প্রতিষ্ঠানে চেয়ারম্যান পদে আর কাউকে মনোনয়ন দেয়নি গ্রামীণ ব্যাংক। তবে, পরিচালক পদে মনোনয়ন দেয়া হয়।

গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক মো. নাজমুল ইসলাম জানান, “২০০৯ সালে আর্টিকেল অব এসোসিয়েশনের ওই ধারা বাদ দিয়ে সংশোধন করা হয় বিধানটি। এই সংশোধনীর রেজ্যুলেশন রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিতে জমা দেয়া হয়েছে। একইসাথে লিখিতভাবে জানানোও হয়েছে”।

তিনি বলেন, যারা গ্রামীণ ব্যাংকের পক্ষে এসেছে তাদের দাবি ২০০৯ সালের ওই সংশোধনী তারা পান নি। ১২ ই ফেব্রুয়ারি পাঠানো এসব আদেশে কোন স্মারক নম্বর দেয়া ছিলো না বলে জানান মি. ইসলাম। তিনি বলেন, “পরদিন আবার এসব আদেশের কপি পাঠানো হলে তাতে হাতে লেখা স্মারক নম্বর ছিলো” গ্রামীণ ব্যাংক এটি করতে পারে কি না এমন প্রশ্নে সংবাদ সম্মেলনে ড. ইউনূস জানান, “প্রত্যেক প্রতিষ্ঠানের নিজস্ব আইনকানুন আছে। সে মতে তারা চলে। যদি আইন সংক্রান্ত কোন বিষয় থাকে তবে সেটা আদালতে যাবে। কিন্তু এটা তো জবরদখল হতে পারে না। এটা সভ্য সমাজের বিষয় হতে পারে না। মৌখিক আলোচনা করবে, নিষ্পত্তি করবে। তাদের কোন বিষয় থাকতে পারে। জানি না কি বিষয়। এটার তো একটা প্রক্রিয়া আছে। কিন্তু এরকম তো হতে পারে না”। “গ্রামীণ ব্যাংকের এক টাকাও গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণসহ অন্যান্য প্রতিষ্ঠানে আসে নি” বলেন ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, “এ বিষয়ে আইন একেবারে পরিষ্কার আমাদের। সবকিছু আইন মেনেই করেছি। তাদের অন্য কোন উদ্দেশ্য থেকে থাকে এটা তাদের ব্যাপার”। “দেশের মানুষের কাছে বিচারের ভার দিলাম। তারা আমাদের পরামর্শ দেবে। পুলিশের কাছে সাহায্য পাওয়ার কথা ছিলো, পাইনি। আমরা এখন আদালতে যাবো” জানান ড. মুহাম্মদ ইউনূস।

যারা এটি করছে তাদের উদ্দেশ্য পরিষ্কার বলে মনে করেন অধ্যাপক ইউনূস। তিনি বলেন, “এই প্রতিষ্ঠানগুলোকে মামলার মধ্যে ফেলে একেবারে সর্বস্বান্ত করে ফেলবে, এগুলাকে একটাকেও কাজ করতে দেবে না তারা”। এর আগে গত পহেলা জানুয়ারি শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ড. মুহাম্মদ ইউনূসসহ চার জনকে ছয় মাসের কারাদণ্ড ও জরিমানা করেছিল ঢাকার একটি শ্রম আদালত। এ মামলাটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর করেছিলো। এ রায়ের বিরুদ্ধে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল করেছেন তিনি। কলকারখানা অধিদপ্তরের আরেক আবেদনে ড. মুহাম্মদ ইউনূস আদালতের অনুমতি ছাড়া বিদেশ যেতে পারবে না বলে আদেশ দিয়েছে হাইকোর্ট। এর আগে, এই প্রতিষ্ঠানের কর্মকর্তা - কর্মচারীরা প্রতিষ্ঠানের পাঁচ শতাংশ লভ্যাংশ দাবি করে হাইকোর্টে আবেদন করে। সে সময় তাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে ৪৩৭ কোটি টাকা দেয়া হয়। পরে আবেদনটি নিষ্পত্তি করে দেয় হাইকোর্ট।

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে আরো ১৮ টি মামলা চলছে। সম্প্রতি ২৫ কোটি টাকা অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশন ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট দিয়েছে। ড. ইউনূসের বিরুদ্ধে এসব মামলা স্থগিত ও 'বিচারিক হয়রানি' বন্ধ চেয়ে আন্তর্জাতিক মহল চাপ দিয়ে আসছিলো। বিষয়টি নিয়ে নোবেলজয়ী বিশ্বের ১৬০ জন খ্যাতনামা ও গুরুত্বপূর্ণ ব্যক্তি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একাধিকবার চিঠি পাঠিয়েছে।

পরে ড. মুহাম্মদ ইউনূসকে অযথা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে কিনা তা দেখতে আন্তর্জাতিক বিশেষজ্ঞদের বাংলাদেশে আসার আহবান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেখ হাসিনার এই আমন্ত্রণ গ্রহণ করে বাংলাদেশে আসার কথা জানিয়ে ১২৫ জন নোবেলজয়ীসহ ২৪২ জন আন্তর্জাতিক ব্যক্তি খোলা চিঠি প্রকাশ করে। ওই চিঠিতে বলা হয়েছে, "এই পর্যবেক্ষণ শুধুমাত্র গত পহেলা জানুয়ারি শ্রম আইন লঙ্ঘনের মামলায় দেওয়া রায়েই নয় বরং দুর্নীতি দমন

কমিশন পরিচালিত চলমান তদন্তেও করা হবে।" এই খোলা চিঠির বক্তব্য অনুযায়ী, "পর্যবেক্ষণ পরিচালনার জন্য আমরা একজন সিনিয়র আন্তর্জাতিক আইনজীবীর পরিচালনায় স্বাধীন আইনজীবী বিশেষজ্ঞদের একটা ছোট্ট দলের প্রস্তাব করছি।" (বিবিসি ওয়েব পেজ:১৫.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বিএনপি নেতা মির্জা ফখরুল ও আমীর খসরু জামিনে মুক্ত

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে গ্রেপ্তার হয়ে প্রায় সাড়ে তিন মাস কারাগারে বন্দী থাকার পর জামিনে মুক্তি পেয়েছেন বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, জামিনের আদেশ কারা কর্তৃপক্ষের কাছে পৌঁছানোর পর বিকেল ৩টা ৩৫ মিনিটে তাঁরা কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে বের হন। শায়রুল কবির বলেন, বিএনপির নেতাকর্মী ও দলের শীর্ষ দুই নেতার স্বজনেরা জেলগেটে দুজনকে অভ্যর্থনা জানান। তিনি আরও বলেন, কারাগার থেকে মুক্তি পেয়ে তাঁরা স্বজনদের নিয়ে সরাসরি নিজ নিজ বাসভবনে যান। বুধবার ঢাকা মহানগর দায়রা জজ আদালত মির্জা ফখরুল ও আমীর খসরুকে ২০২৩ সালের ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশের সময় প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের মামলায় জামিন দেন। আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদের তাঁদের জামিন আবেদন শুনানির পর মঞ্জুর করেন।

২০২৩ সালের ২৯ অক্টোবর মির্জা ফখরুল ও আমীর খসরুসহ বিএনপির ৫৯ নেতাকর্মীকে অভিযুক্ত করে মামলা করে পুলিশ। সমাবেশে সহিংসতার ঘটনায় মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি ও আমীর খসরুর বিরুদ্ধে ১০টি মামলা হয়। ২৯ অক্টোবর মির্জা ফখরুলকে এবং ৩ নভেম্বর গুলশানের বাসা থেকে আমীর খসরুকে আটক করা হয়। এর আগে চলতি বছরের ১০ জানুয়ারি ঢাকার সিএমএম আদালত থেকে ৯টি মামলায় জামিন পান মির্জা ফখরুল। এরপর ১৭ জানুয়ারি ঢাকার পল্টন থানায় হওয়া একটি মামলায় জামিন পান তিনি। ২৯ অক্টোবর গ্রেপ্তার হয়ে সেদিন থেকে সাড়ে তিন মাস সময় ধরে কারাগারে ছিলেন মির্জা ফখরুল। অন্যদিকে ২৮ অক্টোবর ঢাকায় বিএনপির মহাসমাবেশ ঘিরে পুলিশের সঙ্গে দলটির নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনায় করা মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে ছিলেন আমীর খসরু মাহমুদ চৌধুরী। পুলিশ সদস্য হত্যা মামলায় আমীর খসরুকে গত ২ নভেম্বর রাতে গ্রেপ্তার করা হয়।

(ভোয়া ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

### বাংলাদেশে শুরু হয়েছে এসএসসি ও সমমানের পরীক্ষা

বাংলাদেশে চলতি বছরের (২০২৪) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) থেকে শুরু হয়েছে। ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেবে বলে আশা করা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুসারে, দেশব্যাপী ৩ হাজার ৭০০ কেন্দ্রে সকাল ১০টায় পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা কেন্দ্রে কোনো ধরনের মোবাইল ফোন ও ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না এবং শুধু হল সচিবই ইন্টারনেট সংযোগ ছাড়া সাধারণ ফোন সেট ব্যবহার করতে পারবেন। পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে প্রশ্ন কোড ঘোষণা করা হয় বলে জানানো হয়েছে। এদিকে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার কেন্দ্রে যাওয়া থেকে বিরত থাকার ঘোষণা দিয়েছেন। রাজধানী ঢাকায় এসএসসি ও দাখিল পরীক্ষায় শিক্ষার্থীদের যেকোনো সমস্যা মোকাবিলায় 'কুইক রেসপন্স টিম' গঠন করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ।

(ভোয়া ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

### মিয়ানমার থেকে বাংলাদেশে আসা ৩৩০ জনকে ফেরত পাঠানো হয়েছে

মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘাতে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া দেশটির বর্ডার গার্ড পুলিশ (বিজিপি), সেনাসদস্য ও শুল্ক কর্মকর্তাসহ ৩৩০ জনকে কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে ফেরত পাঠিয়েছে বাংলাদেশ। বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে কক্সবাজারের উখিয়ার ইনানী নৌবাহিনী জেটিঘাট থেকে তাঁদের জাহাজে তোলা হয়। ফেরত পাঠানো ৩৩০ জনের মধ্যে ৩০২ জন বিজিপি সদস্য, ৪ জন বিজিপি পরিবারের সদস্য, ২ জন সেনাসদস্য, ১৮ জন ইমিগ্রেশন সদস্য এবং ৪ জন বেসামরিক নাগরিক। এর আগে তাদের ফেরত নিতে মিয়ানমার সরকারের ৫ সদস্যের একটি প্রতিনিধিদল সকাল ৯টা ৫০ মিনিটে কক্সবাজারের উখিয়ার ইনানী নৌ-বাহিনীর জেটি ঘাটে আসে। একটি স্পিডবোটে মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়ের নেতৃত্বে তাঁরা ইনানী ঘাটে পৌঁছেন। প্রতিনিধিদলের আসার বিষয়টি নিশ্চিত করেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা মো. শরিফুল ইসলাম। মিয়ানমার থেকে আসা ওই ৩৩০ জনকে সকালে উখিয়া ও টেকনাফ থেকে ইনানী নৌবাহিনীর জেটিঘাটে নিয়ে আসা হয়। এ সময় নিরাপত্তার জন্য বন্ধ রাখা হয় কক্সবাজার–টেকনাফ মেরিন ড্রাইভ সড়ক। হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী, কক্সবাজারের অতিরিক্ত জেলা প্রশাসক নাসিম আহমেদ, জেলা পুলিশ সুপার মাহফুজুল ইসলাম প্রমুখ।

এ বছরের ২ ফেব্রুয়ারি রাত থেকে বাংলাদেশের বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সংঘর্ষ চলছে। ৪ ফেব্রুয়ারি দিবাগত রাত তিনটা থেকে দুই পক্ষের মধ্যে থেমে থেমে গোলাগুলি ও মর্টার শেল নিক্ষেপের ঘটনা ঘটছে। পরদিন নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামের একটি রান্নাঘরের ওপর মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে দুজন নিহত হন। নিহত দুজনের মধ্যে একজন বাংলাদেশি নারী, অন্যজন রোহিঙ্গা পুরুষ। এ ছাড়া মিয়ানমারের সেনা, সীমান্তরক্ষী বাহিনীর সদস্য, শুল্ক কর্মকর্তাসহ ৩৩০ জন বাংলাদেশে ঢুকে পড়ে। উল্লেখ্য, জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে।

মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। ২০১৭ সালের ২৫ অগাস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। রাখাইনের পুরোনো নাম আরাকান। (ভোয়া ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

## অর্থনীতির উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে রপ্তানি বহুমুখীকরণে গুরুত্ব দিতে হবে : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, রপ্তানি থেকে আয় বাড়াতে এবং অর্থনীতির উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে রপ্তানি বহুমুখীকরণের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। তিনি আরও বলেন, তৈরি পোশাক, ওষুধ পণ্য, প্লাস্টিক, চামড়া, পাটজাত পণ্য, জাহাজ নির্মাণ ও দক্ষ জনশক্তিকে রপ্তানি বহুমুখীকরণের জন্য ফোকাস করার কয়েকটি ক্ষেত্র। বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানী ঢাকার পুরাতন এলিফ্যান্ট রোডে বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে 'অর্থনৈতিক বৈচিত্র্য ও বৈশ্বিক বাজার: বাংলাদেশের সুযোগ ও অগ্রগতি' শীর্ষক আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। হাছান মাহমুদ বলেন, বাংলাদেশ থেকে আমসহ কৃষিপণ্য রপ্তানি বাড়ানোর অনেক সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন, "জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবসহ একাধিক ফ্রন্টের চ্যালেঞ্জ সত্ত্বেও গত ১৫ বছরে বাংলাদেশ অসাধারণ উন্নতি করেছে। এটা শুধু জাদু নয়, এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাদুকরী নেতৃত্বের কারণে।" হাছান মাহমুদ বলেন, সরকার ভূ-রাজনৈতিক বিষয়গুলোতে গুরুত্ব দিচ্ছে এবং ভূ-রাজনৈতিক দৃশ্যপট বিকশিত হচ্ছে। এই পরিস্থিতি সুযোগ ও চ্যালেঞ্জ উভয়ই তৈরি করে এবং সরকার বিচক্ষণতার সঙ্গে সিদ্ধান্ত নিচ্ছে। বিআইএসএসের চেয়ারম্যান রাষ্ট্রদূত এএফএম গাউসুল আজম সরকারের মডারেশনে সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজিবিষয়ক সাবেক প্রধান সমন্বয়কারী মো. আবুল কালাম আজাদ, পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ, কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। সেমিনারে বিআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল আবু বকর সিদ্দিক খান স্বাগত বক্তব্য দেন এবং গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনায় অংশ নেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ শাহাদাত হোসেন সিদ্দিকী ও সহযোগী অধ্যাপক ড. মো. দ্বীন ইসলাম এবং একই বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. রোজানা রশীদ প্রমুখ। (ভোয়া ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

## গণতন্ত্র পুনরুদ্ধারের শান্তিপূর্ণ আন্দোলন চলবে : মির্জা ফখরুল

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বাংলাদেশের জনগণ গণতন্ত্র পুনরুদ্ধার ও ভোটের অধিকারের শান্তিপূর্ণ আন্দোলন বিজয় না হওয়া পর্যন্ত চালিয়ে যাবে। বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) কারাগার থেকে মুক্তি পাওয়ার পর তিনি সাংবাদিকদের বলেন, "জনগণের বিজয় অর্জন না হওয়া পর্যন্ত আমরা আমাদের শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাব।" তিনি দাবি করেন, ৭ জানুয়ারি (২০২৪) একতরফা নির্বাচন করে সরকার ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি বলেন, "বিএনপির কোনো ক্ষতি হয়নি, আন্দোলনেরও ক্ষতি হয়নি। ভোটাধিকার ফিরিয়ে আনতে আমরা আন্দোলন চালিয়ে যাব।" মির্জা ফখরুল বলেন, বাংলাদেশের মানুষ সব সময় গণতন্ত্র ও ভোটাধিকারের জন্য সংগ্রাম করেছে, সংগ্রাম করছে। "ইনশাল্লাহ এই লড়াইয়ে তারা (জনগণ) জয়ী হবেই।" দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে গ্রেপ্তার হয়ে প্রায় সাড়ে তিন মাস কারাগারে আটক

থাকার পর বৃহস্পতিবার বিকেলে জামিনে মুক্তি পান মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। জেলগেটে তাদের স্বাগত জানান দলের নেতাকর্মী ও দলের শীর্ষ দুই নেতার স্বজনেরা। মির্জা ফখরুল ও আমীর খসরু কারা গেটে দলীয় নেতাকর্মীদের সঙ্গে হাত নেড়ে শুভেচ্ছা বিনিময় করেন। আমীর খসরু বলেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে ক্ষমতা দখল করেছে, কিন্তু বাংলাদেশের জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে। "নির্বাচনে তারা জনগণের কাছে নৈতিকভাবে পরাজিত হয়েছে।" তিনি বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন অব্যাহত থাকবে। "গণতন্ত্র ও জনগণ কর্তৃক নির্বাচিত সরকার ফিরে না পাওয়া পর্যন্ত এটা অব্যাহত থাকবে।"

তিনি বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জন করে বাংলাদেশের জনগণ গণতন্ত্রের পক্ষে রায় দিয়েছে। নির্বাচনকে সামনে রেখে সরকার বিএনপি নেতাকর্মীদের কারাগারে পাঠিয়েছে বলে অভিযোগ করে তিনি বলেন, রাজপথে সরকারবিরোধী আন্দোলন পরিচালনার জন্য বিএনপিসহ সব গণতন্ত্রপন্থী দলের মনোবল যথেষ্ট শক্তিশালী। এদিকে ক্ষমতাসীন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক ভুল সিদ্ধান্তের কারণে বিএনপি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে মন্তব্য করেছেন। তিনি বলেন, বিএনপি আন্দোলন করবে এটাই স্বাভাবিক। বৃহস্পতিবার মোহাম্মদপুরে এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

জাহাঙ্গীর কবির নানক বলেন, আশা করি বিএনপি তাদের ২৮ অক্টোবরের (২০২৩) হত্যাকাণ্ড, অপরাধ ও তাদের অরাজনৈতিক আচরণের বিষয়গুলো মূল্যায়ন করবে এবং ভুলপথ পরিহার করে রাজনৈতিক সঠিক ধারায় এগিয়ে যাবে। জাহাঙ্গীর কবির নানক আরও বলেন, আমি দ্ব্যর্থহীনভাবে বলতে চাই, যারা হত্যাকাণ্ড ঘটিয়েছে, যারা প্রধান বিচারপতির বাড়ি এবং বিচারকদের বাসভবনে হামলা করেছে, যারা ট্রেনে আগুন দিয়ে মানুষকে হত্যা করেছে, যারা বাসে আগুন দিয়ে সাধারণ যাত্রীদের হত্যা করেছে, এই অপরাধের জন্য তাদের বিচার হতেই হবে। তিনি বলেন, জামিন একটি স্বাভাবিক ধারা, জামিন পেতেই পারে, আদালত ইচ্ছা করলে জামিন দিতেই পারে। জামিনের ব্যাপারে আমাদের কোনো কথা নেই। আমি অনুরোধ করব সংশ্লিষ্ট যারা রয়েছে যে ঘটনাগুলো ঘটেছে, যে হত্যাকাণ্ডগুলো ঘটেছে, অবিলম্বে তার বিচার হওয়া উচিত। (ভোয়া ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে জার্মানি পৌঁছেছেন

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জার্মানির মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে তিন দিনের সরকারি সফরে মিউনিখে পৌঁছেছেন। স্থানীয় সময় বিকেল ৪টা ৩৪ মিনিটে তিনি মিউনিখ বিমানবন্দরে পৌঁছান। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান জার্মানিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. মোশাররফ হোসেন ভূঁইয়া। এর আগে প্রধানমন্ত্রী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইট স্থানীয় সময় বেলা ১১টায় ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে মিউনিখের উদ্দেশে রওয়ানা হন। এ বছরের জানুয়ারিতে অনুষ্ঠিত সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে টানা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে পুনঃনির্বাচিত হওয়ার পর এটাই তাঁর প্রথম বিদেশ সফর।

মিউনিখ নিরাপত্তা সম্মেলনকে নিরাপত্তা ইস্যুতে বিতর্কের জন্য বিশ্বের শীর্ষস্থানীয় ফোরাম হিসেবে বিবেচনা করা হয়। ১৬ থেকে ১৮ ফেব্রুয়ারি মিউনিখে অবস্থানকালে শেখ হাসিনা নিরাপত্তা সম্মেলনের পাশাপাশি জার্মানির চ্যান্সেলর ওলাফ শলজ, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এবং ডেনমার্ক ও নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রীদের সঙ্গে বৈঠক করবেন। এ ছাড়া, ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০২.২০২৪ এলিনা)

## বাণিজ্যিক ব্যাংকের জন্য টাকা ও ডলার বিনিময় চালু করেছে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক

বাংলাদেশি মুদ্রা টাকার সঙ্গে যুক্তরাষ্ট্রের মুদ্রা ডলার অদলবদল বা সোয়াপ ব্যবস্থা চালু করেছে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক। নতুন এ ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংকগুলো এখন থেকে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে ডলারের সঙ্গে টাকার অদলবদল করতে পারবে। সর্বনিম্ন ৭ থেকে সর্বোচ্চ ৯০ দিনের জন্য টাকা-ডলার অদলবদলের এ ব্যবস্থা চালু করেছে কেন্দ্রীয় ব্যাংক। বৃহস্পতিবার(১৫ ফেব্রুয়ারি) কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (এফইপিডি) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। বাংলাদেশ ব্যাংক বলছে, নতুন পদ্ধতি অবিলম্বে কার্যকর করা হবে।

কেন্দ্রীয় ব্যাংক বলছে, বাণিজ্যিক ব্যাংকগুলোর উদ্বৃত্ত ডলার থাকলে তারা এখন বাংলাদেশ ব্যাংকে জমা রেখে সমপরিমাণ অর্থ ঋণ নিতে পারবে। এ পদ্ধতিতে কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক লাভবান হবে। এ জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে বাংলাদেশ ব্যাংকের চুক্তি করতে হবে। এই চুক্তির আওতায় উদ্বৃত্ত ডলারের বিপরীতে ব্যাংকগুলো তাৎক্ষণিক অর্থ পাবে। আবার নির্দিষ্ট সময় পর টাকা ফেরত দিয়ে বাণিজ্যিক ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংক থেকে সমপরিমাণ ডলার পাবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলো নিজেদের প্রয়োজনে একে অপরের সঙ্গে ডলার ও অর্থ আদান-প্রদান করে থাকে। এখন কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে বিনিময় সুবিধা চালু হয়েছে। কেন্দ্রীয় ব্যাংক জানিয়েছে, এ প্রক্রিয়ার আওতায় সর্বনিম্ন ৫০ লাখ ডলার বা সমপরিমাণ অর্থ বিনিময় করা যাবে। বাণিজ্যিক ব্যাংকগুলো যেদিন

বাংলাদেশ ব্যাংকে ডলার জমা দেবে, সেদিন তারা ওই দিনের ডলারের বিনিময় হারের সমপরিমাণ অর্থ পাবে। একইভাবে নির্দিষ্ট সময়ের পর ব্যাংকগুলো টাকা জমা দিয়ে ডলার উত্তোলন করতে পারবে।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০২.২০২৪ এলিনা)

## গ্রামীণ টেলিকমসহ ৮টি প্রতিষ্ঠান জোরপূর্বক দখল করেছে গ্রামীণ ব্যাংক : অভিযোগ ড. ইউনূসের

নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস অভিযোগ করেছেন, গ্রামীণ ব্যাংক গ্রামীণ টেলিকমসহ তাঁর আটটি প্রতিষ্ঠান জোরপূর্বক দখল করেছে। তিনি বলেন, “আমরা অনেক ধরনের দুর্যোগের মধ্য দিয়ে যাই, কিন্তু এমন বিপর্যয় আগে দেখিনি। হঠাৎ করে বাইরে থেকে কিছু লোক এসে আমাদের নিজেদের অফিস থেকে সরে যেতে বলে।” বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) রাজধানী ঢাকার মিরপুর ১ নম্বরে চিড়িয়াখানা সড়কে গ্রামীণ টেলিকম ভবনের নিচতলায় এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন।

মুহাম্মদ ইউনূস বলেন, “আমরা ভয়ংকর পরিস্থিতিতে আছি। ... আমাদের আটটি প্রতিষ্ঠান জবরদখল হয়ে গেছে।” তিনি বলেন, গ্রামীণ ব্যাংক থেকে বের হয়ে আমরা গ্রামীণ টেলিকম ভবনটি বানিয়েছি। সেখানে আমাদের কর্মীরা নিয়মিত অফিস করছে, কাজকর্ম করছে। “হঠাৎ, চার দিন আগে (১২ ফেব্রুয়ারি) আমরা দেখি বহিরাগতরা আমাদের অফিস দখল করছে। আমরা তাদের কাছে বহিরাগত হয়ে গেলাম। তারা তাদের ইচ্ছানুযায়ী এটি চালানোর চেষ্টা করছে। আমি বুঝতে পারছিলাম না এটা কীভাবে হলো।”

মুহাম্মদ ইউনূস জানান, বিষয়টি নিয়ে পুলিশের কাছে গিয়েও তিনি প্রতিকার পাননি। তিনি বলেন, “আমার ঘর জবরদখল হয়ে যাচ্ছে। আমরা পুলিশকে জানিয়েছিলাম, একটা জিডি করেছিলাম। জিডির কপি নিয়ে পুলিশ এসেছিল, কিন্তু কোনো সমাধান দেয়নি। আমরা অফিস করতে পারছি না।” কিছু লোক তাদের কার্যালয়ের সামনে ঝাড়ু নিয়ে মিছিল করেছে উল্লেখ করে মুহাম্মদ ইউনূস বলেন, এর পেছনের কারণ তিনি বুঝতে পারছেন না। “আমরা কী হঠাৎ করে এমন একটি অবস্থানে পৌঁছেছি যেখানে আমাদের ঝাড়ু প্রাপ্য? আমরা নিজেদের জায়গায় আছি। আমরা আর অন্য কোনো ঝামেলায় জড়াতে চাই না।"

মুহাম্মদ ইউনূস বলেন, তাদের প্রতিষ্ঠিত সকল প্রতিষ্ঠানের সদর দপ্তর একই ভবনে। “এই ভবনে প্রতিটি প্রতিষ্ঠান গড়ে উঠেছে ব্যবসার লাভ দিয়ে। এসব প্রতিষ্ঠানে গ্রামীণ ব্যাংকের হস্তক্ষেপের কোনো কর্তৃত্ব নেই। গ্রামীণ ব্যাংকের তহবিল দিয়ে এসব প্রতিষ্ঠানের কোনোটিই গড়ে ওঠেনি।” গ্রামীণ টেলিকম ভবনে (১৩ তলা) মুহাম্মদ ইউনূসের ১৬টি প্রতিষ্ঠানের কার্যালয় রয়েছে। এসব প্রতিষ্ঠানের প্রতিটির চেয়ারম্যান তিনি। গ্রামীণ ব্যাংক যে আটটি প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নিয়েছে সেগুলো হলো- গ্রামীণ কল্যাণ; গ্রামীণ টেলিকম; গ্রামীণ শক্তি; গ্রামীণ সামগ্রী; গ্রামীণ ফান্ড; গ্রামীণ মৎস্য ও পশুসম্পদ ফাউন্ডেশন; গ্রামীণ কৃষি ফাউন্ডেশন এবং গ্রামীণ উদ্যোগ। ১২ ফেব্রুয়ারি গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠানগুলো নিজেদের নিয়ন্ত্রণে নেয়। সংবাদ সম্মেলনে গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলাম, গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম মাঈনুদ্দিন চৌধুরীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## বিএনপির রাজনীতি বন্ধের চিন্তা করছে না সরকার : ওবায়দুল কাদের

বাংলাদেশে বিএনপির রাজনীতি বন্ধের বিষয়ে ভাবছে না সরকার। এ কথা বলেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি দাবি করেন, নিজেদের কর্মকান্ডের জন্যই বিএনপি সন্ত্রাসী দল হিসেবে চিহ্নিত ও পরীক্ষিত। আরো ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদনে :

বিএনপির রাজনীতি বন্ধের বিষয়ে ভাবছে না সরকার। এমনটা জানিয়েছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, নিজেদের কর্মকাণ্ডের জন্যই বিএনপি সন্ত্রাসী দল হিসেবে চিহ্নিত ও পরীক্ষিত। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে দলীয় সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। কাদের বলেন, বিএনপি মহাসচিবের মুক্তির পর সরকার পতনের আন্দোলন করতে গিয়ে নিজেদের পতন হয় কিনা সেটাই দেখার বিষয়। এসময় বিএনপি মহাসচিবের মুক্তি প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, আইন যে তাঁর নিজস্ব গতিতে চলে মির্জা ফখরুলের জামিন তারই বড় প্রমাণ। তবে এবার আন্দোলনে নামলে তাদের পতন দেখার অপেক্ষায় থাকবে জাতি। তিনি আরো বলেন, বিএনপি সন্ত্রাসী দল হিসেবে চিহ্নিত হলেও রাজনীতি বন্ধের বিষয়ে কোন ভাবনা নেই সরকারের (স্বকণ্ঠে): এখন এই পতনের গভীর খাদ থেকে আন্দোলন উদ্ধার করবে কে! ফখরুল সাহেব তো চেষ্টা করেছেন পারেননি। অপেক্ষায় থাকি, আবার কবে ডিসেম্বর আসবে, কবে আবার অক্টোবর আসবে ২৮ তারিখ, আমরা অপেক্ষায় থাকি। এছাড়া, দ্বাদশ সংসদের সংরক্ষিত আসনে, তৃনমূলের কর্মী ও নিবেদিতদের মুল্যায়ন করা হয়েছে বলেও জানান আওয়ামী লীগের এই শীর্ষ নেতা। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৫.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## কড়া নিরাপত্তায় ফেরত পাঠানো হলো মিয়ানমারের বিজিপিসহ ৩৩০ জনকে

বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্যসহ ৩৩০ নাগরিককে দেশটির কাছে হস্তান্তর করা হয়েছে। এ সম্পর্কে বিভিন্ন মহলের প্রতিক্রিয়া সহ প্রতিবেদন করেছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি :

বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্যসহ ৩৩০ নাগরিককে দেশটির কাছে হস্তান্তর করা হলো। মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতে গত ৪ থেকে ৭ ফেব্রুয়ারি নাইক্ষ্যংছড়ি, উখিয়া ও টেকনাফের বিভিন্ন সীমান্ত দিয়ে, বাংলাদেশে পালিয়ে আসে দেশটির ৩৩০ নাগরিক। বৃহস্পতিবার সকালে কড়া নিরাপত্তার মধ্যদিয়ে উখিয়া ও টেকনাফের বিভিন্ন স্কুল থেকে ইনানী নৌবাহিনীর জেটিঘাটে নিয়ে আসা হয় তাদের। প্রথম দফায় ১৬৫ জন এবং ২য় দফায় আরো ১৬৫ জনকে মিয়ানমার প্রতিনিধি দলের কাছে হস্তান্তর করা হয়। কক্সবাজারের ইনানীতে নৌবাহিনী ঘাটে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কক্সবাজার রিজিয়নের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয় এ প্রক্রিয়া। যা কক্সবাজারের উখিয়ায় ইনানীতে নৌবাহিনীর জেটিঘাটে সম্পন্ন হয়। এ সময় আশপাশের এলাকায় বিজিবি ও র‍্যাব সদস্যরা সতর্ক অবস্থানে ছিলেন। নিরাপত্তার জন্য সকাল থেকে বন্ধ রাখা হয়, কক্সবাজার–টেকনাফ মেরিন ড্রাইভের সড়ক। উভয় দেশের মধ্যে আলোচনার প্রেক্ষিতে তাদের ফেরত নেয়া হচ্ছে বলে জানিয়েছেন, বিজিবির মহাপরিচালক। বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধৈর্য ধারণ করে এবং আন্তর্জাতিক সম্পর্ক বজায় রেখে বিজিবিকে সীমান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করার নির্দেশ দিয়েছেন (স্বকণ্ঠে) : অফিসিয়ালি করেসপন্ডসের মাধ্যমে দুই দেশের সম্মতিকরণে এই জিনিসটা হয়েছে। সামনের দিনগুলোতেও যাতে আমাদের বর্ডারের অখন্ডতা, নিরাপত্তা সম্পূর্ণভাবে নিশ্চিত থাকে সেজন্য আমাদের বিজিবির প্রত্যেক সদস্য বদ্ধপরিকর। মিয়ানমার রাষ্ট্রদূতঅং কিউ মোয়েও উভয় দেশের সম্পর্ক সুরক্ষায় আরো বেশি কাজ করার কথা বলেছেন (স্বকণ্ঠে) : মিয়ানমার সবসময় বাংলাদেশের ভালো বন্ধু। সম্প্রতি দেশটির অভ্যন্তরীণ সংঘাতে আমাদের কিছু সেনা সদস্য এখানে আশ্রয় নিয়েছিল। তাদের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ করা হয়েছে এবং তাদের সুচিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এজন্য আমরা বাংলাদেশের আইন-শৃঙ্খলা বাহিনী এবং সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

উল্লেখ্য,গত ৪ ফেব্রুয়ারি থেকে মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু, ঘুমধুম ও বাইশফাঁড়ী সীমান্তের বিপরীতে বিজিপির তুমব্রু রাইট ও লেফট ক্যাম্পে আক্রমণ করে। কক্সবাজারের উখিয়া উপজেলার বালুখালী, পালংখালী এবং টেকনাফ উপজেলার হোয়াইক্যং, হ্নীলা ও শাহপরীর দ্বীপ সীমান্তের বিপরীতে ওপারে কাইচিং রং, মইদু, গদুদ্ধজ্য ও মংডু এলাকায়ও গোলাগুলি ও সংঘর্ষের ঘটনা ঘটে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৫.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### পাকিস্তানের ক্ষমতাসীন দল এবং মিত্ররা জোট সরকার গঠন করতে সম্মত হয়েছে

পাকিস্তানের ক্ষমতাসীন দল বলছে সাবেক প্রধানমন্ত্রী শেহবাজ শরিফকে প্রধানমন্ত্রীর পদে মনোনয়ন দিয়ে একটি জোট সরকার দল গঠন করবে। পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ বা পিএমএল-এন, পাকিস্তান পিপলস পার্টি সহ একাধিক মিত্রদের সাথে মঙ্গলবার এক যৌথ সংবাদ সম্মেলনে ঘোষণা করেছে যে একটি জোট সরকার গঠন করা নিয়ে তারা সম্মত হয়েছে। পিএমএল-এনের নেতৃত্বে আছেন আরেক সাবেক পাকিস্তানি প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ, শেহবাজ শরিফের যিনি বড় ভাই। কনিষ্ঠ শরিফ গত বছরের আগস্ট মাস পর্যন্ত পাকিস্তানে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জনে ব্যর্থ হওয়ার পর ক্ষমতাসীন দল জোট গঠন করা নিয়ে আলোচনা শুরু করে। মাত্র ৭৫টি আসন দল লাভ করেছে। স্থানীয় সংবাদ মাধ্যম জানিয়েছে, কারাবন্দী সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের সমর্থনপুষ্ট বিরোধী স্বতন্ত্র প্রার্থীরা সরাসরি ভোটের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে ২৬৬টি আসনের মধ্যে ৯৩টি আসনে জয়লাভ করায় এটা তদের বৃহত্তম দলে পরিণত করেছে। খান বিরোধী দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ বা পিটিআই-এর নেতৃত্ব দিচ্ছেন। সাবেক এই ক্রিকেট তারকা দুর্নীতি ও অন্যান্য অভিযোগে কারাগারে থাকায় নির্বাচনে প্রার্থী হওয়ার অযোগ্য বিবেচিত হন। তার দলের প্রার্থীদের স্বতন্ত্র প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হয়েছে। পিটিআই ভোট কারচুপির অভিযোগ করছে এবং প্রতিবাদ বিক্ষোভ করতে থাকায় রাজনৈতিক অস্থিরতা অব্যাহত থাকতে পারে বলে উদ্বেগ বৃদ্ধি পাচ্ছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাব: মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "বাংলাদেশে ভোটের অধিকার, গণতন্ত্রের অধিকারের জন্য মানুষ সংগ্রাম করছে। আমরা জনগণের বিজয় না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাব।" আজ বিকেল ৩টা ৩৫ মিনিটে কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান মির্জা ফখরুল। জামিনে কারামুক্ত হয়ে তিনি বলেন, 'চলমান আন্দোলনে বাংলাদেশের জনগণ জয়ী হবে। ৭ জানুয়ারির একপক্ষীয় নির্বাচন করে সরকারই ক্ষতিগ্রস্ত হয়েছে' দাবি করে তিনি বলেন, "এতে বিএনপির কোনো ক্ষতি হয়নি, আন্দোলনের কোনো ক্ষতি হয়নি। আমরা ভোটের অধিকার ফিরিয়ে আনার আন্দোলন চালিয়ে যাব।" একই সময়ে কারামুক্ত হয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, "বাংলাদেশের মানুষ গণতন্ত্রের পক্ষে রায় দিয়েছে। গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন সফল না হওয়া পর্যন্ত বাংলাদেশের মানুষকে সঙ্গে নিয়ে আমাদের আন্দোলন অব্যাহত থাকবে।"

তিনি বলেন, "বাংলাদেশের মানুষ নির্বাচনে গণতন্ত্রের পক্ষে রায় দিয়েছে। তারা (আওয়ামী লীগ) আজকে ক্ষমতা দখল করেও পরাজিত হয়েছে। যারা অবৈধভাবে ক্ষমতা দখল করেছে, তাদের থেকে ক্ষমতা ফিরিয়ে জনগণকে দিতে হবে। তারা বাংলাদেশের মানুষের অধিকার কেড়ে নিয়ে, জোর করে নির্বাচনের মাধ্যমে ক্ষমতা দখল করেছে। দেশের মানুষ তাদেরকে (আওয়ামী লীগ) প্রত্যাখ্যান করেছে। তারা নৈতিকভাবে পরাজিত হয়েছে নির্বাচনে।" বিএনপি নেতাদের 'অন্যায়ভাবে' জেলে রাখা হয়েছে দাবি করে তিনি আরও বলেন, "বিএনপিসহ গণতন্ত্রকামী সব দলের মনোবল অটুট আছে শক্ত আছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৫.০২.২০২৪ রিহাব)

## আমরা ভয়ঙ্কর পরিস্থিতিতে : ড. ইউনূস

নিজেদের প্রতিষ্ঠান 'জবরদখল' হয়েছে বলে অভিযোগ করেছেন নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস। জীবনে সবচেয়ে 'ভয়ঙ্কর' পরিস্থিতিতে পড়েছেন উল্লেখ করে তিনি বলেন, "আমার বাড়িতে এসে একজন বলল, এটা আমার বাড়ি, আপনি চলে যান।" কেন চলে যাব? কারণ হিসেবে তারা বলল, এটা আমার বাবার সম্পত্তি ছিল। তোমরা দখল করে ফেলেছ। এভাবে কী দখল হয়, দেশে আইন আদালত আছে না? আইন আদালত এখন কোথায় গেল?" মিরপুরের চিড়িয়াখানা রোড়ে অবস্থিত টেলিকম ভবনের নিচতলায় দুপুর সাড়ে ১২টার দিকে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন ড. ইউনূস। তিনি বলেন, "গত চারদিন ধরে এখানে অস্বস্তিকর অবস্থা বিরাজ করছে। আজ আমাদের অত্যন্ত দুঃখের দিন। আপনাদের ১২টায় এখানে ডেকেছিলাম। আমিও ১২টায় আসতে চেয়েছিলাম। কিন্তু পরিস্থিতি এমন ছিল যে, আমাকে বলা হয়েছে, আপনি আসলে ভালো হবে না। এমনকি এখনও আসলে ভালো হবে না। তারপরও সাহস করে এসেছি। আমরা যে অত্যন্ত দুঃখে পড়ে গেছি, কষ্টে পড়ে গেছি, সেটা আপনাদের মাধ্যমে দেশবাসীকে জানাতেই আজকে ডেকেছি। আমরা একটা ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে পড়ে গেছি। অতি সম্প্রতি আমরা এই ভবনে উঠেছি। আমরা আগে যখন গ্রামীণ ব্যাংকের সঙ্গে ছিলাম, তখন সেখানেই ছিলাম। যখন আমাদের যাবার পালা হল, তখন আমরা সিদ্ধান্ত নিলাম যে, একটা বিল্ডিং করি, সেখানেই আমরা সবাই শান্তিতে কাজ কর্ম করতে পারব। স্বপ্নের ২০ তলা আমরা সবাই মিলে দাঁড় করিয়েছি।" ড. ইউনূস বলেন, "যখন আমরা এই বিল্ডিংয়ে উঠি তখন খুব আনন্দ পেয়েছিলাম। এখানে আমরা কাজ করছি, দেশ-বিদেশ থেকে লোক আসছে। হঠাৎ চার দিন আগে দেখলাম বাইরের কতগুলো লোক এসে এটা জবর দখল করে ফেলল। তাদের কাছে আমরাই বাইরের লোক হয়ে গেলাম। তারা তাদের নিয়মে চালানোর চেষ্টা করছেন, আমরা বুঝতে পারছি না কী হচ্ছে। আমরা পুলিশের কাছে গেলাম। বললাম, আপনারা এসে ঠিক করে দেন। পুলিশ কোনো গুরুত্বই দিল না। তারপর এসে একবার ঘুরে গেল। তারা এখানে কোনো অসুবিধা দেখল না। আমরা বললাম, তারা তালা দিয়ে যাচ্ছে, আবার খুলে দিয়ে যাচ্ছে। আমরা কোন জগতে এসে পড়লাম। এখনও সেই পরিস্থিতি বিরজমান। এখানে বসে কথা বলছি, আমরা জানতাম না যে, এখানে আমাদের বসতে দেবে কী দেবে না? এটা তাদের এখতিয়ারের বিষয় হয়ে দাঁড়িয়েছে।"

ড. ইউনূস বলেন, "আমরা বহু রকমের দুর্যোগের মধ্য দিয়ে যাই, এমন দুর্যোগ আর কোনোদিন দেখিনি। এখন আমাদের গতি কী? দুনিয়ার সামনে আমাদের কাজটা কী হবে? আমরা এখন দুনিয়ার সামনে কী বলব? কী হয়েছে আমাদের এখানের ঘটনাটা? আপনাদের মাধ্যমে দেশবাসীকে আমরা জিজ্ঞাসা করি, এভাবে একটা দেশ চলে কী করে? এটা ব্যাখা করার কিছু নেই। আজ সকাল থেকে শুনছি, অফিসের সামনে ঝাড়ু নিয়ে মহড়া হচ্ছে। কেন হচ্ছে তাও তো বুঝতেছি না।" এই প্রতিষ্ঠানগুলো কীভাবে হয়েছে? অর্থ এসেছে কোথা থেকে? অনেকেই বলেন প্রতিষ্ঠানগুলো গ্রামীণ ব্যাংকের টাকায় হয়েছে? একজন সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে ড. ইউনূস বলেন, "ব্যবসার মুনাফার টাকায় এসব প্রতিষ্ঠান গড়ে উঠেছে। গ্রামীণ ব্যাংকের টাকায় হয়নি। যা হয়েছে আইন মেনে হয়েছে।" একজন সাংবাদিক প্রশ্ন করেন পদ্মা সেতু নির্মাণে আপনার বিরোধিতা কী আইন মেনেই হয়েছে? এমন প্রশ্নের জবাবে ড. ইউনূস বলেন, "আপনার কাছে কোনো প্রমাণ আছে?" সাংবাদিক সম্মেলনে ড. ইউনূসের সঙ্গে গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম মইনুদ্দিন চৌধুরী, গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলাম ছাড়াও নারী অধিকার কর্মী ফরিদা আক্তার, শিরিন হক, রেহেনুমা আহমেদ, দৃকের শহীদুল আলমসহ গ্রামীণ ট্রাস্টের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর আগে বৃহস্পতিবার সকালে কিছু নারী ওই ভবনের সামনে ঝাড়ু মিছিল করেন। তারা ড. ইউনূসের বিরুদ্ধে শ্লোগান দেন। এছাড়া গত তিন দিন ধরে ওই ভবনটির সামনে অপরিচিত বেশ কিছু মানুষ অবস্থান করছেন। তারা ওই ভবনে আসা যাওয়া মানুষের উপর নজরদারি করছেন।

গ্রামীন ট্রাষ্ট্রের অধীনে ১৬টি প্রতিষ্ঠান রয়েছে। সবগুলো প্রতিষ্ঠানই এই ভবনে। এর সবগুলোর চেয়ারম্যান ড. ইউনূস। এর মধ্যে নয়টি প্রতিষ্ঠান রয়েছে সামাজিক ব্যবসা সংক্রান্ত। গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "গত সোমবার বিকাল ৪টায় গ্রামীণ ব্যাংক থেকে অন্তত ২০ জন এসে খুঁজছিলেন আমাদের দু'টি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালককে। আমরা নিচে গেলে বলা হয়, গ্রামীণ ব্যাংকের বৈঠক চলছে। সেখান থেকে একটি চিঠি আসবে। সেই চিঠি আসার আগ পর্যন্ত সবাইকে অপেক্ষা করতে হবে। তবে রাত সাড়ে ৭টা পর্যন্ত অপেক্ষা করে কোনো চিঠি না আসায় আমরা দুই জন প্রতিনিধি রেখে চলে যাই। রাত ৯টায় গ্রামীণ ব্যাংকের চিঠি নিয়ে এসে কয়েকজন কর্মী ভবনের ফটকে তালা লাগিয়ে দেন।" জনাব ইসলাম বলেন, "এর ধারাবাহিকতায় পরদিন অর্থাৎ মঙ্গলবার সকালে গ্রামীণ ব্যাংকের কয়েকজন কর্মকর্তা সকালে এসে তালা খুলে ভেতরে প্রবেশ করেন। তারা আমার

এবং গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালকের কক্ষে অবস্থান নেন। তারা বলেন, গ্রামীণ ব্যাংকের বোর্ড সভায় তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। এখন থেকে তারা এখানে দায়িত্ব পালন করবেন। এর সঙ্গে বর্তমান কর্মকর্তারাও বহাল থাকবেন। তারা আরও বলেন, আপনাদের কোম্পানির চেয়ারম্যানকে অপসারণ করা হয়েছে। নতুন করে চেয়ারম্যান নিয়োগ দেওয়া হয়েছে।"

গ্রামীণ ব্যাংক থেকে পাঠানো চিঠিতে দেখা গেছে, গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণের পরিচালক পদে কয়েকজনকে মনোনীত করার পাশাপাশি এ দুই কোম্পানির চেয়ারম্যান পদে ইউনূসের বদলে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদকে মনোনীত করা হয়। কি কারণে গ্রামীণ ব্যাংক থেকে চেয়ারম্যান ও পরিচালক নিয়োগ দেওয়া হলো? জানতে চাইলে গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম মইনুদ্দিন চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "আমরা আর্টিকেলের যে পরিবর্তন করেছিলাম, উনারা বলছে সেটি ঠিক হয়নি। উনারা নমিনেশন পাঠিয়েছেন, গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান হবে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান। এই বিধানটা আগে ছিল। কোম্পানি বড় হওয়ার সঙ্গে এগুলো পরিবর্তন হয়েছে। পরিবর্তনটা তারা গ্রহণ করছে না। তারা বলছে, এটা কোনো লিগ্যাল ওয়ে না। শুরুতে গ্রামীণ টেলিকমের আর্টিকেল অব এসোসিয়েশনের ধারা এমনটা ছিল। ওই ধারাতে ওদের নমিনেটেড তিনজন ডিরেক্টর থাকবে। গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান হবে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান। ২০০৯ সালে এটি পরিবর্তন হয়েছে। এরপর তারা কোনো কথা বলেনি। আমরাও এভাবে প্রতিষ্ঠান চালিয়ে আসছিলাম।" টেলিকম ভবনে ড. ইউনূসের যে ৯টি সেবাধর্মী প্রতিষ্ঠান রয়েছে, সেগুলো হলো- গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণ, গ্রামীণ মৎস্য, পশু সম্পদ ফাউন্ডেশন, গ্রামীণ কৃষি ফাউন্ডেশন, গ্রামীণ সামগ্রী, গ্রামীণ ফান্ড, গ্রামীণ শক্তি ও গ্রামীণ কমিউনিকেশন। বাকিগুলো লিমিটেড কোম্পানি। গ্রামীণ ব্যাংকের সম্পৃক্ততা রয়েছে এমন দুইটি প্রতিষ্ঠানে চিঠি দেওয়া হয়েছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০২.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে দুই প্রক্টরসহ ১০ জন আহত

ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বিজয় ও ৬৯ গ্রুপের মধ্যে সংঘর্ষে ইটের আঘাতে দুই প্রক্টর সহ ১০ জন আহত হয়েছেন। পাল্টাপাল্টি হামলার ঘটনায় একে অপরকে দায়ী করেছে দুটি গ্রুপ। ঘটনার কারণ অনুসন্ধানে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে জানান বিশ্ববিদ্যালয়ের প্রক্টর। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দুটি পক্ষ মুখোমুখি অবস্থান নিয়ে বৃহস্পতিবার মারামারিতে লিপ্ত হয়। সোহরাওয়ার্দী ও শাহজালাল হলের সামনে ছাত্রলীগের দুটি উপ গ্রুপ বিজয় ও সিক্সটি নাইন দেশীয় অস্ত্র নিয়ে একে অপরের উপর হামলা করতে দেখা যায়। এ সময় দুই পক্ষ একে অপরের দিকে ইট পাটকেল নিক্ষেপ করতে থাকে।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

## চট্টগ্রাম-১০ আসনের এমপি মহিউদ্দিন বাচ্চুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানো জারি করেছেন আদালত

চট্টগ্রাম-১০ আসনের এমপি মো. মহিউদ্দিন বাচ্চুর বিরুদ্ধে নির্বাচন কমিশনের দায়ের করা মামলায় গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। বৃহস্পতিবার চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সালাউদ্দিনের আদালত গ্রেফতারি পরোয়ানা জারির আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী তরিকুল ইসলাম। আদালত সূত্র জানায়, ৭ জানুয়ারি নির্বাচনের আগে আচরণবিধি লঙ্ঘন করে মসজিদ-মন্দিরে অনুদানের চেক বিতরণ করেন মহিউদ্দিন বাচ্চু। প্রতিদ্বন্দ্বী প্রার্থী মনজুর আলমের এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন বাচ্চুর বিরুদ্ধে মামলা দায়েরের সিদ্ধান্ত নেয়। সে অনুযায়ী তার বিরুদ্ধে মামলা দায়ের করেন ডবলমুরিং থানা নির্বাচন কর্মকর্তা মুহাম্মদ মোস্তফা কামাল। বৃহস্পতিবার এ মামলার ধার্য তারিখ ছিল। কিন্তু বিবাদী আদালতে উপস্থিত না থাকায় আদালত তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

## বাংলাদেশের ঢুকে পড়া মিয়ানমারের সীমান্তরক্ষী ও শুল্ক কর্মকর্তাসহ ৩৩০ জনকে ফেরত পাঠানো হলো

বাংলাদেশে ঢুকে পড়া মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ সেনাবাহিনী শুল্ক কর্মকর্তাসহ ৩৩০ জনকে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ফেরত পাঠানো হলো। বৃহস্পতিবার বেলা ১১:০০ টার দিকে কক্সবাজারের উখিয়ায় ইনানী নৌবাহিনী জেটিঘাট থেকে তাদের জাহাজে তোলা হয়। এর আগে সকাল থেকে তাদেরকে কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে উখিয়া টেকনাফের বিভিন্ন স্কুল থেকে ইনানী নৌবাহিনীর জেটিঘাটে নিয়ে আসা হয়। তখন আশেপাশের এলাকায় বিজিবি ও র‍্যাব সদস্যদের সতর্ক পাহারায় থাকতে দেখা গেছে। গত ফেব্রুয়ারির ২ তারিখ থেকে নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের সরকারি বাহিনীর সংঘর্ষ চলছে। বিদ্রোহীদের হামলায় টিকতে না পেরে কয়েক দফায় দেশটির বিভিন্ন বাহিনীর ৩৩০ জন সদস্য বাংলাদেশ ভূখণ্ডে ঢুকে পড়ে। আজ তাদের হস্তান্তর শেষে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ আশরাফুজ্জামান সিদ্দিকী সাংবাদিকদের বলেন সর্বোচ্চ সতর্ক অবস্থানে থেকে বিজিবি সীমান্তের পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছে। পরিস্থিতি যাই হোক না কেন সীমান্ত দিয়ে আর কোন মিয়ানমারের নাগরিককে বাংলাদেশে প্রবেশ করতে দেয়া হবে না। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০২.২০২৪ রুবাইয়া)

## মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে যোগ দিতে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে যোগ দিতে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৃহস্পতিবার বেলা ১১টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে প্রধানমন্ত্রী ও তার সফর সঙ্গীরা ঢাকা ত্যাগ করেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সরকার গঠনের পর এটি প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর। সম্মেলনে অংশগ্রহণের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরবেন। তিনি জলবায়ু পরিবর্তন ইস্যুকে সর্বোচ্চ গুরুত্ব দেবেন। সব আনুষ্ঠানিকতা শেষে আগামী ১৮ই ফেব্রুয়ারি দেশে ফেরার কথা রয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার। মিউনিখ সম্মেলনে যোগ দেয়ার পাশাপাশি শেখ হাসিনা বেশ কয়েকজন সরকার প্রধানসহ অন্যদের সঙ্গে বৈঠক করবেন বলেও জানা গেছে। এর মধ্যে জার্মানির চ্যান্সেলর ওলাফ শলৎস ডেনমার্কের প্রধানমন্ত্রী মিতে ফ্রেডেরিকসেন ও নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মার্ক রুটে রয়েছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০২.২০২৪ রুবাইয়া)

## আজ থেকে শুরু হলো এসএসসি ও সমমানের পরীক্ষা

আজ থেকে শুরু হলো চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা। বৃহস্পতিবার প্রথম দিনে বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রতিবছর শিক্ষামন্ত্রী এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করে থাকলেও এবার তা করেননি। শিক্ষা উপমন্ত্রী থেকে পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পাওয়া মহিবুল হাসান চৌধুরী নওফেল আগেই তা সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছিলেন। তিনি মনে করেন কেন্দ্র পরিদর্শনের কারণে পরীক্ষার্থীরা হয়রানিমূলক পরিস্থিতি ও মানসিক যন্ত্রণায় পড়েন। একইসঙ্গে জনদুর্ভোগের ও সৃষ্টি হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০২.২০২৪ রুবাইয়া)

## রাঙামাটির চট্টগ্রাম সড়কে লরি ও সিএনজিচালিত অটোরিকশার সংঘর্ষে তিনজন নিহত

রাঙ্গামাটির চট্টগ্রাম সড়কে লরি ও সিএনজি চালিত অটোরিক্সার সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো দুজন। বৃহস্পতিবার সকালে কাউখালি উপজেলার সাতছড়ি কলাবাগান এলাকায় এই দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে সকালে সিএনজি অটোরিকশাটি পাঁচ জন যাত্রী নিয়ে চট্টগ্রাম যাচ্ছিল। এটি সাতছড়ি কলাবাগান এলাকায় পৌঁছালে একটি লরির সাথে ধাক্কা খায়। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে রাঙ্গামাটি জেনারেল হাসপাতালে নিয়ে যায়। এই ঘটনায় ঘটনাস্থলে একজন এবং হাসপাতালে নেয়ার পথে দুজনের মৃত্যু হয়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০২.২০২৪ রুবাইয়া)

## সিলেটে বাস চাপায় জেলা মেট্রোপলিটন পুলিশের ৬ সদস্য আহত

সিলেটে বাস চাপায় জেলা মেট্রোপলিটন পুলিশের ছয় সদস্য আহত হয়েছেন। বৃহস্পতিবার ভোর ছয়টার দিকে সিলেট সুনামগঞ্জ মহাসড়কের তেমুখি এলাকায় এই দুর্ঘটনা ঘটে। আহতরা হলেন সিলেট মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার আজবাহার আলী শেখ, অতিরিক্ত উপকমিশনার সাদেক কাউসার দস্তগীর, বিমানবন্দর থানার সহকারী কমিশনার জহুরুল ইসলাম, বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এস এম নুনু মিয়া, এ এস আই রেজাউল করিম এবং গাড়িচালক হাবিবুর রহমান। আহতদের মধ্যে আজবাহার আলী শেখের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। সিলেট মেট্রোপলিটন পুলিশের উপ- কমিশনার মোঃ সাইফুল ইসলাম জানিয়েছেন আজবাহার আলী শেখ এর মাথায় আঘাত লাগায় তার অবস্থা আশঙ্কাজনক। অন্যদের অবস্থার উন্নতি হচ্ছে এবং তারা আশঙ্কামুক্ত আছেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০২.২০২৪ রুবাইয়া)

## কারা মুক্ত হলেন ফখরুল-খসরু

১০৯ দিন কারাভোগের পর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মুক্তি পেয়েছেন। বৃহস্পতিবার বিকাল ৩:৪০ মিনিটে কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি দেয়া হয় তাকে। মীর্জা ফখরুলের আইনজীবী সৈয়দ জয়নাল আবেদীন মেজবাহ গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান গত বছরের ২৮শে অক্টোবর বিএনপির মহাসমাবেশের পর তার বিরুদ্ধে বিভিন্ন থানায় ১১টি মামলা দায়ের করা হয়। সব মামলা থেকেই আদালত তাকে মুক্তি দিয়েছেন। এছাড়া ১০৫ দিন কারাভোগের পর একই দিনে বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরীও কারামুক্ত হয়েছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

## অগ্নিসন্ত্রাসের কারণে শান্তির বাইরে যেতে পারেন না বিএনপি নেতারা : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন বিএনপির অগ্নিসন্ত্রাসের কারণে তাদের নেতারা শান্তির বাইরে যেতে পারেন না। বৃহস্পতিবার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভা নেত্রীর রাজনৈতিক কার্যালয়ে তিনি এ কথা বলেন। জামিনে বিএনপি মহাসচিবের মুক্ত হওয়ার পর দলটির আন্দোলন আরো বেগবান হবে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন বিএনপি সরকার পতনের চেষ্টা করে ব্যর্থ হয়েছিল। মুক্তি পেয়ে তিনি কি করবেন তা দেখার অপেক্ষায় আওয়ামী লীগ।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

**শনিবার থেকে মেট্রোরেল চলবে আট মিনিট পর পর : এমএন সিদ্দিক**

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এমএন সিদ্দিক জানিয়েছেন যাত্রীদের চাহিদার কথা বিবেচনা করে মেট্রোরেলের যাতায়াতের সময় ১০ মিনিট থেকে কমিয়ে ৮ মিনিট নির্ধারণ করা হয়েছে যা আগামী শনিবার থেকে কার্যকর করা হবে। বৃহস্পতিবার দুপুরে প্রবাসী কল্যাণ ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। এছাড়া আগামী রমজান মাসে অফিস সূচির পরিবর্তন হলে এমটিআর-এর সময়সূচিতেও কিছু পরিবর্তন আনা হবে বলেও জানান এমএন সিদ্দিক। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

**আমাদের বেশ কিছু প্রতিষ্ঠান দখল হয়ে গেছে পুলিশের কাছে গিয়েও সহযোগিতা পাচ্ছি না: ড. ইউনূস**

নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস অভিযোগ করেছেন গ্রামীণ ব্যাংক তাদের ৮টি প্রতিষ্ঠান জবর দখল করেছে। এসব প্রতিষ্ঠান তাদের মত করে চালাচ্ছে। পুলিশের কাছে এ বিষয়ে প্রতিকার চাইলেও সহযোগিতা পাওয়া যাচ্ছে না বলে জানান তিনি। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর মিরপুরে গ্রামীণ টেলিকম ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন ড. ইউনূস। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

**ক্যান্সার নিরাময়ের টিকা তৈরির দ্বার প্রান্তে রাশিয়া : পুতিন**

রাশিয়ার প্রসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ক্যানসারের টিকা তৈরির দ্বারপ্রান্তে তার দেশের বিজ্ঞানীরা। খুব শীঘ্রই এই টিকা রোগীদের হাতের নাগালে আসবে। মস্কোয় ফিউচার টেকনোলজিস ফোরামে দেওয়া বক্তৃতায় পুতিন বলেন, আমরা নতুন প্রজন্মের জন্য ক্যানসারের টিকা তৈরির খুব কাছাকাছি চলে এসেছি। আমি আশা করি যে, শিগগির সেই টিকা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। তবে রুশ বিজ্ঞানীদের তৈরি টিকা কোন ধরনের ক্যান্সারকে প্রতিরোধ করবে, তা জানা যায়নি। (খবর রয়টার্স)। বর্তমানে রাশিয়া ছাড়াও অনেক দেশ এবং সংস্থা ক্যান্সারের টিকা নিয়ে কাজ করছে। বিশ্বের দুইটি ফার্মাসিউটিক্যাল সংস্থা মডার্না এবং মেরিক অ্যান্ড কোম্পানিও পরীক্ষামূলকভাবে ক্যান্সারের টিকা তৈরি করেছে, যা ত্বকের ক্যান্সারে মৃত্যুর আশঙ্কা কমিয়ে দিয়েছে বলে গবেষণায় উঠে এসেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, জরায়ুমুখের ক্যান্সার-সহ অনেক ক্যান্সার সৃষ্টিকারী হিউম্যান প্যাপিলোমাভাইরাসের বিরুদ্ধে বর্তমানে ছ'টি লাইসেন্সপ্রাপ্ত টিকা রয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০২.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**মিউনিখের উদ্দেশ্যে ঢাকা ছাড়লেন প্রধানমন্ত্রী**

জার্মানির মিউনিখের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি বেলা ১১টা ১৩ মিনিটে প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। মিউনিখ সিকিউরিটি কনফারেন্সের সভাপতির আমন্ত্রণে সেখানে যাচ্ছেন তিনি। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব এম এম ইমরুল কায়েস বিষয়টি নিশ্চিত করেছেন। মিউনিখ সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির বৈঠক হবে। বৈঠকে চলমান ইউক্রেন যুদ্ধ বন্ধের আলোচনা গুরুত্ব পাবে। তবে এ বৈঠক ঢাকার সঙ্গে মস্কোর সম্পর্কে কোনো প্রভাব ফেলবে না বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বুধবার, ১৪ ফেব্রুয়ারি বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রীর জার্মানি সফর ঘিরে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। পররাষ্ট্রমন্ত্রী জানান, 'প্রধানমন্ত্রী ২০১৭ এবং ২০১৯ সালে মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে অংশ নেন। ১৮ ফেব্রুয়ারি রাতে তিনি মিউনিখ ত্যাগ করবেন এবং ১৯ ফেব্রুয়ারি সকালে ঢাকায় পৌঁছাবেন।' সংলাপের মাধ্যমে বিশ্বশান্তির মূলমন্ত্র নিয়ে ১৯৬৩ সাল থেকে মিউনিখ শহরে অনুষ্ঠিত হয়ে আসছে আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক বার্ষিক সভা মিউনিখ কনফারেন্স। ১৬ থেকে ১৮ ফেব্রুয়ারি মিউনিখ সিকিউরিটি কনফারেন্সের ৬০তম সভা অনুষ্ঠিত হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

**বিএনপিকে নিষিদ্ধ করার চিন্তা আওয়ামী লীগ এখনো করেনি : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বিএনপিকে সন্ত্রাসী দল হিসেবে অনেকেই চিহ্নিত করেছে তবে তাদের নিষিদ্ধ করার চিন্তা এখনো দলগতভাবে আওয়ামী লীগ করেনি।' বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি সন্ত্রাসী দল, এটা কানাডার ফেডারেল আদালত রায় দিয়েছেন। যুক্তরাষ্ট্রে তারেক রহমানের প্রবেশ নিষিদ্ধ। আমেরিকার হোমল্যান্ড সিকিউরিটি এটা দিয়েছে। বিএনপিকে সন্ত্রাসী দল হিসেবে অনেকেই চিহ্নিত করেছে। তবে তাদের নিষিদ্ধ করার চিন্তা দলগতভাবে আওয়ামী লীগ এখনো করেনি। এখানে আদালতের বিষয় আছে। আইন-আদালত তো মানতে হবে।'

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন প্রসঙ্গে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'আদালত স্বাধীনভাবে কাজ করছেন। আদালত জামিন দিয়েছেন। কাউকে জামিন দেওয়ার অর্থ এই নয় যে তিনি অপরাধ থেকে সম্পূর্ণ মুক্ত। মামলা তো আছে, মামলা চলবে।' বিএনপি মহাসচিবের জামিনে মুক্ত হওয়ার পর দলটির আন্দোলন বেগবান হবে কি না, এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপির আন্দোলন বেগবান হতে হতে পতন হয়ে যাবে। এখন পতনের গভীর খাদ থেকে কে উদ্ধার করবে? আমরা তো প্রস্তুত, রাস্তায় সদাজাগ্রত প্রহরী শেখ

হাসিনার জন্য।' ডামি নির্বাচন নিয়ে বিএনপি নেতাদের বক্তব্যের বিষয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, 'তারা যাকে ডামি নির্বাচন বলছে, তারা প্রমাণ হয়ে গেছে তারাই ডামি বিরোধীদল। তারা নিজেরাই ডামি। নির্বাচনে অংশগ্রহণই করেনি।' সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, 'দলের সংসদীয় মনোনয়ন বোর্ড যাচাই-বাছাই করে প্রার্থিতা চূড়ান্ত করেছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## রাতভর মাইকে ওয়াজ ও ডিজে গান না বাজানোর অনুরোধ শিক্ষামন্ত্রীর

এসএসসি ও সমমান পরীক্ষা চলাকালে রাতভর মাইক বাজিয়ে ওয়াজ মাহফিল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের নামে ডিজে পার্টি না করতে সবার প্রতি অনুরোধ জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি দুপুরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি ও সমমান পরীক্ষা নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ অনুরোধ করেন। মহিবুল হাসান চৌধুরী বলেন, 'অনেক সময় দেখা যায় উচ্চশব্দে মাইক বাজিয়ে শুধু গানের অনুষ্ঠানই নয়, ধর্মীয় অনুষ্ঠানও করা হচ্ছে। অনেক সময় সারারাত মাইক বাজিয়ে অনুষ্ঠান হয়। এসএসসি পরীক্ষার সময় এ ধরনের অনুষ্ঠান অমানবিক। অন্য যে কোনো সময়ও সারারাত মাইক বাজানো উচিত নয়। রাতভর মাইক বাজানো রোগী ও পরীক্ষার্থী সবার জন্যই খুব অসুবিধার।' শিক্ষামন্ত্রী বলেন, 'আলেম-ওলামা এবং অন্য সব ধর্মের নেতাদের প্রতি বিশেষ অনুরোধ, এ সংস্কৃতি থেকে অবশ্যই বেরিয়ে আসতে হবে। সাংস্কৃতিক অনুষ্ঠান জীবনের অংশ। কিন্তু পরীক্ষার সময় একটি নির্দিষ্ট সময়ের পরে যেন তা না করা হয় সেদিকেও নজর রাখতে হবে।' এদিকে, বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথমদিনে বাংলা প্রথমপত্রের পরীক্ষা নেওয়া হয়। পরীক্ষা চলাকালে কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। প্রতি বছরই শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। তবে নতুন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী পূর্ব ঘোষণা অনুযায়ী পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাননি। তিনি মনে করেন, পরীক্ষার কেন্দ্র পরিদর্শনের কারণে শিক্ষার্থীদের ওপর এক ধরনের হয়রানিমূলক পরিস্থিতি, মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ সৃষ্টি হয়। এজন্য পরীক্ষার বিভিন্ন বিষয় নিয়ে কথা বলার জন্য আজ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে শিক্ষা সচিব সোলেমান খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## গ্যাস বিতরণ কোম্পানিগুলোকে জবাবদিহির আওতায় আনতে হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, ‘আমি চাই, গঠনমূলক আলোচনা হোক। আমাদের গ্যাস লাগবে। সমালোচনা রয়েছে, বিতরণ কোম্পানি টাকা নেয়, গ্যাস দেয় না। বিতরণ কোম্পানিগুলোকে জবাবদিহির আওতায় আনতে হবে। চুক্তি থাকবে, গ্যাস না দিলে টাকা দিতে হবে। স্মার্ট বাংলাদেশ কি শুধু টেকনোলজি, টেকনোলজির সঙ্গে নিরবচ্ছিন্ন, কোয়ালিটি জ্বালানিও স্মার্ট বাংলাদেশের অংশ।' বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি পেট্রোবাংলায় এক সেমিনারে তিনি এ মন্তব্য করেন। প্রতিমন্ত্রী বলেন, ‘২০২৮ সালের মধ্যে ১০০ কূপ খনন করতে চান ভালো কথা, কোনটি কখন করতে চান, টাইমলাইন থাকতে হবে। সাফল্য দেখে মূল্যায়ন করা হবে। সাফল্য জিরো, আপনিও জিরো। যিনি কাজ পারবেন না, তাকে বাদ দেওয়া হবে। বক্স থেকে বের হয়ে আসতে হবে। কেউ কাউকে জায়গা ছাড়তে চায় না। বাপেক্স ১০০ বছর ধরে কাজ করবে। তার জন্য ফেলে রাখতে হবে। বাপেক্সের একটি প্রতিযোগী থাকা উচিত।' আর সমালোচনা নয়। আসুন, একসঙ্গে দেশের জন্য কাজ করি।' তিনি বলেন, রিজার্ভ কমে আসায় দেশিয় গ্যাস ফিল্ডের উৎপাদন কমতে শুরু করেছে। ২-৩ বছর কমবে আবার বাড়বে। কীভাবে ঘাটতি সামাল দেবো, তার পরিকল্পনা থাকতে হবে। ৪৮ কূপ খনন প্রকল্পের মাধ্যমে আগামী দুই বছরে ৫০০ এমএমসিএফডি গ্যাস পাবো। কিন্তু দুই বছরে চাহিদা কত হবে, দুই হাজার এমএমসিএফডি বাড়বে।' বক্তব্যে পেট্রোবাংলার চেয়ারম্যান জনেন্দ্র নাথ সরকার বলেন, 'সব উন্নয়ন কর্মকাণ্ডের চালিকাশক্তি হচ্ছে- গ্যাস। আমাদের চাহিদা ও সরবরাহে ঘাটতির কারণে সমালোচনা হচ্ছে। সে কারণে আজ সবাইকে ডাকা হয়েছে, কী করে দেশিয় উৎস থেকে গ্যাস উৎপাদন বাড়ানো যায়।' তিনি বলেন, 'চলমান ৪৮টি কূপ খননের পাশাপাশি আরো ১০০টি কূপ খনন করবো ২০২৮ সালের মধ্যে। সে বিষয়ে আপনাদের মূল্যবান মতামত জরুরি। আমরা দ্রুত সাগরে তেল-গ্যাস অনুসন্ধানের দরপত্র আহ্বান করতে প্রস্তুত হয়েছি।' সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক আনোয়ারুল ইসলাম ও পেট্রোবাংলার জেনারেল ম্যানেজার মেহেরুল হাসান।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## ভুল সিদ্ধান্তে ক্ষতিগ্রস্ত বিএনপি : বস্ত্র ও পাটমন্ত্রী

ভুল সিদ্ধান্তে বিএনপি নামক দলটি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী এবং আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক। তিনি বলেন, 'বিএনপি আন্দোলন করবে এটাই স্বাভাবিক। আমি মনে করি বিএনপি যে ভুল সিদ্ধান্তগুলো নিয়েছিল, সে ভুল সিদ্ধান্তে বিএনপি নামক দলটি ক্ষতিগ্রস্ত হয়েছে।' বৃহস্পতিবার ১৫ ফেব্রুয়ারি মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। জাহাঙ্গীর কবির নানক বলেন, '২৮ অক্টোবরের ঘটনায় বিএনপি তাদের অপরাধ ও অরাজনৈতিক

আচরণগুলো মূল্যায়ন করবে। তারা ভুলপথ পরিহার করে রাজনৈতিক সঠিক ধারায় এগিয়ে যাবে এটাই আমরা প্রত্যাশা করি।' বিএনপির হত্যাকাণ্ডের বিচার বিষয়ে জাহাঙ্গীর কবির নানক বলেন, 'আমি দ্ব্যর্থহীনভাবে বলতে চাই, যারা হত্যাকাণ্ড করেছে, যারা প্রধান বিচারপতির বাড়ি এবং বিচারকদের বাসভবনে হামলা করেছে, যারা ট্রেনে আগুন দিয়ে মানুষকে হত্যা করেছে, যারা বাসে আগুন দিয়ে সাধারণ যাত্রীদের হত্যা করেছে, এ অপরাধের জন্য তাদের বিচার হতেই হবে। জামিন একটি স্বাভাবিক ধারা। জামিন পেতেই পারে, আদালত ইচ্ছা করলে জামিন দিতেই পারেন। জামিন ব্যাপারে আমাদের কোনো কথা নেই। আমি অনুরোধ করবো সংশ্লিষ্ট যারা রয়েছে যে ঘটনাগুলো ঘটেছে, যে হত্যাকাণ্ডগুলো ঘটেছে, অবিলম্বে তার বিচার হওয়া উচিত।'

বিএনপিকে সন্ত্রাসী দল হিসেবে নিষিদ্ধ করার উদ্যোগের ব্যাপারে জানতে চাইলে মন্ত্রী বলেন, 'বিএনপি একটি সন্ত্রাসী দল, বিএনপি খুনিদের দল। এ দলটির পেছন থেকে যিনি কলকাঠি নাড়াচ্ছেন তিনি দণ্ডপ্রাপ্ত আসামি, লন্ডনে বসে আছেন। তার নির্দেশিত হয়ে দলটি পরিচালিত হচ্ছে। দলটি থেকে দেশের সর্বস্তরের মানুষ দৃষ্টি সরিয়ে নিয়েছে।' বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, 'নারী শিক্ষার ভিত্তিমূল হিসেবে মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয় গড়ে উঠতে হবে। এ শিক্ষাপ্রতিষ্ঠানের মান এমন হতে হবে যেনো অভিভাবকরা ছাত্রীদের ভর্তি করাতে আগ্রহী হন। এসময় অনুষ্ঠানে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতি শেখ বজলুর রহমানসহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## গ্রামের মানুষ গণতন্ত্র বোঝে না, তারা রাস্তা-চিকিৎসা-ভাত-রুটি চায় : এম এ মান্নান

গণতন্ত্রে উন্নয়নই প্রধান বিষয় উল্লেখ করে সাবেক পরিকল্পনামন্ত্রী ও জাতীয় সংসদের পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এম এ মান্নান বলেন, 'গ্রামের মানুষ ‘গণতন্ত্র’ এসব টার্ম খুব একটা বোঝে না। তারা ভাত-রুটি, চিকিৎসা, রাস্তাঘাট, টয়লেট ও বিশুদ্ধ পানি চায়।' বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি এনইসি সম্মেলন কক্ষে ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ, ডিজেএফবি-এর পুরান কমিটির বিদায়, নতুন কমিটির অভিষেক ও নতুন সদস্যদের বরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। দেশের মানুষ উন্নয়ন চায় জানিয়ে সাবেক পরিকল্পনামন্ত্রী বলেন, 'গণতন্ত্রে উন্নয়নই প্রধান বিষয় এটা পরিষ্কার হয়ে গেছে। আমরা রাজনীতি করি ও সব সময় গ্রামের মানুষের সঙ্গে যোগাযোগ করি। গ্রামের মানুষ গণতন্ত্র বা এসব টার্ম খুব একটা বোঝে না। গ্রামে যখন যাই, তখন তারা ভাত-রুটি, চিকিৎসা ব্যবস্থা, রাস্তাঘাট, টয়লেট ও বিশুদ্ধ পানি চায়। গণতন্ত্র ও উন্নয়নের মধ্যে পার্থক্য নেই। গ্রামে গ্রামে এখন উন্নয়ন বিষয় চলে এসেছে। কবে একনেক হবে কি কি প্রকল্প অনুমোদন হলো এটা গ্রামের মানুষ জানতে চায়। গ্রামে চায়ের দোকানে প্রকল্প ও উন্নয়ন নিয়ে আলোচনা হয়। মেট্রোরেল-পদ্মাসেতু নিয়ে মানুষ আলোচনা করে। এ বিষয়ে মানুষ জানতে চায়।' গ্রাম ও শহর প্রসঙ্গে তিনি বলেন, 'আমাদের অনেকের মধ্যে গ্রাম ও শহর নিয়ে নানা ধরনের যুক্তি-তর্ক ও আলোচনা হয়। একমাত্র বঙ্গবন্ধুকন্যা গ্রাম ও শহরের মধ্যে কোনো পার্থক্য রাখেননি। গ্রামের উন্নয়নে সরকার নানা ধরনের সাহসী প্রকল্প গ্রহণ করছে। তবে আমার ভূমিকা ছিল ক্ষুদ্র। আমরা শেখ হাসিনার নেতৃত্বে কাজ করেছি।' এম এ মান্নান আরো বলেন, 'পাকিস্তানি আমলে উন্নয়ন সাংবাদিক বলতে কিছু ছিল না। রাজনীতির খবরই শুধু দেখতাম। এখন সব কিছুর পরিবর্তন হয়েছে, মানুষ উন্নয়নের বিষয়ে জানতে চায়। নগর ও গ্রামের প্রথা ভাঙছেন শেখ হাসিনা। কায়েমি স্বার্থবাদীদের চোখে চোখ রেখে নিম্ন আয়ের মানুষের উন্নয়নে কাজ করছেন শেখ হাসিনা। তবে আমাদের সবাইকে জনগণের টাকা খরচে মিতব্যয়ী হতে হবে।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব আবুল কাশেম মোঃ মহিউদ্দিন বলেন, 'ডিজেএফবি'র একটা বিষয় আছে, উনারা সবাই এক। কেউ কখনো কারোর বিষয়ে ইতিবাচক ছাড়া নেতিবাচক কিছু বলেন না। দেশের উন্নয়ন তুলে ধরতে ডিজেএফবি গুরুত্বপূর্ণ অবদান রাখে। আমরা উন্নয়নমূলক নানা কাজ করি, কিন্তু আপনারা এর ত্রুটি-বিচ্যুতি তুলে ধরেন। অনেক সময় নিজ ঘরের বিষয়ে নিজে ভুল-ত্রুটি ধরা যায় না, যা সাংবাদিকরা ধরিয়ে দেন।' ডিজেএফবির নতুন কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন দৈনিক যুগান্তরের স্টাফ রিপোর্টার হামিদ-উজ-জামান এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন দৈনিক সমকালের সিনিয়র রিপোর্টার আবু হেনা মুহিব।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## জিআই পেল আরো ৩ পণ্য

বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক, জিআই হিসেবে স্বীকৃতি পেয়েছে আরো ৩টি পণ্য। এতে দেশে অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা বেড়ে হলো ৩১টি। নতুন জিআই অনুমোদন পাওয়া পণ্য তিনটি হলো, যশোরের খেজুরের গুড়, রাজশাহীর মিষ্টি পান এবং জামালপুরের নকশিকাঁথা। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি তিনটি পণ্যকে জিআই হিসেবে অনুমোদন দিয়ে জার্নাল প্রকাশিত হয়েছে। ২০১৬ সালে জামদানি শাড়িকে বাংলাদেশে প্রথম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এরপর স্বীকৃতি পায় আরো ২০টি পণ্য। সেগুলো হলো, বাংলাদেশ ইলিশ, চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম, বিজয়পুরের সাদা মাটি, দিনাজপুর কাটারীভোগ, কালিজিরা, রংপুরের শতরঞ্জি, রাজশাহী সিল্ক, ঢাকাই মসলিন, রাজশাহী-চাপাইনবাবগঞ্জের ফজলি আম, বাংলাদেশের বাগদা চিংড়ি, বাংলাদেশের শীতল পাটি, বগুড়ার দই, শেরপুরের তুলশীমালা ধান, চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম, চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম, নাটোরের কাঁচাগোল্লা, বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগল, টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম, কুমিল্লার রসমালাই ও কুষ্টিয়ার তিলের খাজা। সবশেষ

গত সোমবার, ১২ ফেব্রুয়ারি রংপুরের হাড়িভাঙ্গা আম, মৌলভীবাজারের আগর ও আতর এবং মুক্তগাছার মণ্ডা এই চার পণ্যকে জিআই স্বীকৃতি দেওয়া হয়। এর একদিন আগে গত ১১ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে তিনটি পণ্যের জিআই সনদ হস্তান্তর করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। পণ্য তিনটি হলো, টাঙ্গাইল শাড়ি, নরসিংদীর অমৃত সাগর কলা ও গোপালগঞ্জের রসগোল্লা। আন্তর্জাতিক মেধাস্বত্ব বিষয়ক সংস্থা ইন্টারন্যাশনাল প্রপার্টি রাইটস অর্গানাইজেশন,, ডব্লিউআইপিও'র নিয়ম মেনে শিল্প মন্ত্রণালয়ের অধীনে ডিপিডিটি জিআই পণ্যের স্বীকৃতি ও সনদ দিয়ে থাকে। ২০১৩ সালে ভৌগোলিক নির্দেশক পণ্য আইন হয়। ২০১৫ সালে আইনের বিধিমালা তৈরির পর জিআই পণ্যের নিবন্ধন নিতে আহ্বান জানায় ডিপিডিটি। এর পর বাংলাদেশে প্রথমবারের মতো জিআই পণ্য হিসেবে ২০১৬ সালে স্বীকৃতি পায় জামদানি শাড়ি। জিআই স্বীকৃতি পাওয়া পণ্যগুলো বাংলাদেশের নিজস্ব পণ্য হিসেবে বিশ্বে পরিচিতি পাবে। কোনো দেশের মাটি, পানি, আবহাওয়া ও মানুষের সৃজনশীলতা মিলে কোনো পণ্য তৈরি হলে তাকে বলা হয় সেই দেশের ভৌগোলিক নির্দেশক বা জিআই পণ্য। শুধু বাংলাদেশেই উৎপাদিত হয় এমন ৩১টি পণ্য এখন পর্যন্ত আন্তর্জাতিক মেধাস্বত্ব কর্তৃপক্ষ থেকে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## স্থানীয় সরকার মন্ত্রী ও ভারতীয় হাইকমিশনারের মধ্যে সাক্ষাৎ অনুষ্ঠিত

অবকাঠামো, সমবায় ও পল্লি উন্নয়নে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত প্রণয় কুমার ভার্মা। স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়মন্ত্রী মোঃ তাজুল ইসলামের সঙ্গে এক সাক্ষাতে বৃহস্পতিবার তিনি এ আগ্রহের কথা জানান। ভারতের রাষ্ট্রদূত এ সময় প্রতিবেশী দুই দেশের মধ্যে বিরাজমান চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, 'উভয় দেশের মধ্যে যোগাযোগ সুদৃঢ় হলে দুই দেশের মানুষ তার সুফল ভোগ করবে।' স্থানীয় সরকারমন্ত্রী বৈঠকে ভারতের স্থানীয় সরকার ব্যবস্থা কীভাবে কাজ করে তার বিস্তারিত জানতে চেয়ে বলেন, 'বাংলাদেশে কার্যকর ও দক্ষ স্থানীয় সরকার প্রতিষ্ঠায় ভারতের অভিজ্ঞতা আমাদের কাজে লাগবে।' ভারতের রাষ্ট্রদূত এসময় সমবায়ের ওপর ভারত সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে উল্লেখ করে বলেন, 'সমবায়ের ক্ষেত্রে উভয় দেশ অভিজ্ঞতা বিনিময় করলে লাভবান হবে।' তাজুল ইসলাম এসময় গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্পে ভারতের সুযোগ রয়েছে উল্লেখ করে বলেন, 'সুপেয় পানি সরবরাহ ও গ্রামীণ অবকাঠামো উন্নয়নে ভারত বাংলাদেশে বিনিয়োগ করতে পারে।' মন্ত্রী এসময় ভারত-বাংলাদেশের নিজস্ব মুদ্রায় বাণিজ্যিক লেনদেন বিষয়ে বলেন, 'এতে উভয় দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয় ও বাণিজ্য সহজীকরণ হবে।' ভারতের রাস্ট্রদূত প্রণয় কুমার ভার্মা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে নারী ক্ষমতায়নের প্রশংসা করেন। তিনি বলেন, 'নারী ক্ষমতায়নে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## সচেতনতা বাড়লে ট্রেনে ধূমপান কমে যাবে : রেলমন্ত্রী

রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেছেন, ধূমপানের ক্ষতিকর প্রভাব সম্পর্কে মানুষের মাঝে সচেতনতা বাড়লে ট্রেনে ধূমপানের পরিমাণ কমে যাবে। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি রেল ভবনের সভা কক্ষে ধূমপান ও তামাকমুক্ত রেল পরিষেবা গড়ে তুলতে সম্মাননা পদক প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন মন্ত্রী। মন্ত্রী বলেন, 'রেলে বিপুল পরিমাণ যাত্রী যাতায়াত করে। এখানে অল্প জায়গায় অনেক লোক ভ্রমণ করে। ভ্রমণের সময় ধূমপান করা হলে জনগণের মধ্যে ধূমপানের ক্ষতির প্রভাব বৃদ্ধি পায়। তাই ট্রেনকে ধূমপান মুক্ত রাখা জরুরি। সাধারণ জনগণ এখন অনেক সচেতন। মানুষের মধ্যে ধূমপানের পরিমাণ কমে গেছে বলে মনে হয়। এখন ধূমপানের ঝুঁকিতে রয়েছে শিক্ষিত লেখাপড়া জানা যুবকরা। তাদের সচেতন করা জরুরি।' মন্ত্রী আরো বলেন, 'বাংলাদেশ রেলওয়েকে ধূমপান মুক্ত করার জন্য প্রকল্প নেওয়া হয়েছে। প্রকল্পটি যথাযথভাবে হয়েছে বলে মনে করি। যদি ক্ষতিকারক প্রভাব সম্পর্কে সচেতন করা যায় তাহলে সাধারণ মানুষ অনেক জটিল রোগ থেকে বেঁচে যাবে।' তিনি বলেন, 'প্রকল্পের মাধ্যমে যে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে তার ফল হিসেবে ট্রেনে এখন ধূমপান কম হয়। ধূমপান আরো কমানো দরকার। আমাদের সুযোগ আছে এক্ষেত্রে কাজ করার।' বাংলাদেশ ধূমপান মুক্ত দেশ হিসেবে বিশ্বে পরিচিতি লাভ করুক বলে আশা প্রকাশ করেন মন্ত্রী।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## নেতা-কর্মীদের হতাশার কিছু নেই : মির্জা ফখরুল

সাড়ে তিন মাস কারাগারে থাকার পর জামিনে মুক্তি পেয়েই ভোটাধিকার ফেরানোর আন্দোলন অব্যাহত রাখার কথা জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ঢাকায় বিএনপির গত ২৮ অক্টোবরের মহাসমাবেশ ঘিরে সংঘর্ষের ঘটনায় পুলিশের করা মামলায় গ্রেফতার হয়ে কারাগারে যাওয়ার পর বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি বিকেলে জামিনে কারামুক্ত হন মির্জা ফখরুল। কারাফটকে নেতা-কর্মীরা তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর সময় তিনি আন্দোলন চালিয়ে যাওয়ার কথা জানান। এদিন বিএনপির মহাসমাবেশ ঘিরে সংঘর্ষের মামলায় কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে বিকেল সাড়ে ৩টার দিকে একসঙ্গে জামিনে মুক্তি পান মির্জা ফখরুল ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। এসময় নেতা-কর্মীরা দলের শীর্ষস্থানীয় এ দুই নেতাকে ফুলেল শুভেচ্ছা জানান। উপস্থিত নেতা-কর্মীদের উদ্দেশে ফখরুল বলেন, 'নেতা-কর্মীদের হতাশার কিছু নেই। বাংলাদেশের জনগণ

সবসময় গণতন্ত্রের জন্য, ভোটের অধিকারের জন্য, ভাতের অধিকারের জন্য সংগ্রাম করেছে, লড়াই করেছে। ইনশাআল্লাহ্ এই সংগ্রামে তারা জয়ী হবে।'

গণতন্ত্র ও ভোটাধিকার ফেরানোর চলমান আন্দোলনে চূড়ান্ত বিজয় না আসা পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার কথাও দৃঢ়তার সঙ্গে উচ্চারণ করেন বিএনপি মহাসচিব। মির্জা ফখরুল বলেন, 'তাদের আন্দোলনের কোনো ক্ষতি হয়নি। তারা ভোটের অধিকার ফিরিয়ে আনার আন্দোলন অব্যাহত রাখবেন। ৭ জানুয়ারির একপাক্ষিক নির্বাচন করে সরকারই ক্ষতিগ্রস্ত হয়েছে। বিএনপির কোনো ক্ষতি হয়নি।' নেতা-কর্মীদের উদ্দেশে আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, 'আওয়ামী লীগ রাষ্ট্রশক্তিকে কবজা করে ক্ষমতা দখল করেছে, বাংলাদেশের মানুষ তাদের প্রত্যাখ্যান করেছে। তারা নির্বাচনে নৈতিকভাবে জনগণের কাছে পরাজিত হয়েছে।' তিনি বলেন, 'আমরা বলতে চাই, গণতন্ত্রের আন্দোলন অটুট থাকবে। যতদিন দেশে গণতন্ত্র ফেরত না আসবে, জনগণের ভোটে নির্বাচিত সরকার না আসবে ততদিন এই সংগ্রাম অব্যাহত থাকবে।' এসময় কারাফটকে কেন্দ্রীয় নেতাদের মধ্যে তাইফুল ইসলাম টিপু, শামীমুর রহমান শামীম, নিপুণ রায় চৌধুরী, ফরহাদ হোসেন আজাদ, সাবেক সাংসদ আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, ইসরাফিল খসরু চৌধুরী, শায়রুল কবির খানসহ অঙ্গসংগঠনের কয়েকশো নেতা-কর্মী উপস্থিত ছিলেন। এছাড়া কারামুক্তির সময় বিএনপি মহাসচিবকে শুভেচ্ছা জানাতে তার সহধর্মিনী রাহাত আরা বেগম ও একান্ত সহকারী ইউনুস আলী প্রমুখ উপস্থিত ছিলেন। পরে মির্জা ফখরুলের গাড়িকে ছাত্রদল নেতা-কর্মীরা মোটরসাইকেল শোডাউন করে ঢাকার উদ্দেশ্যে রওনা হন।

গত ২৮ অক্টোবর এবং এর পরের সংঘর্ষ ও সহিংসতাকে কেন্দ্র করে মির্জা ফখরুলের বিরুদ্ধে মোট ১১টি মামলা হয়। এর আগে ১০ মামলায় তিনি জামিন পান। সবশেষ গতকাল বুধবার, ১৪ ফেব্রুয়ারি ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদেরের আদালত প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় ফখরুলের জামিন মঞ্জুর করেন। ২৮ অক্টোবরের মহাসমাবেশ ঘিরে সংঘর্ষ-সহিংসতার ঘটনায় আমীর খসরু মাহমুদ চৌধুরীর বিরুদ্ধেও ১০টি মামলা হয়। পরে একে একে ৯টি মামলায় তিনি জামিন পান। সবশেষ গতকাল বুধবার, ১৪ ফেব্রুয়ারি ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদেরের আদালত প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় খসরুর জামিন মঞ্জুর করেন। এর আগে গত ২৯ অক্টোবর ফখরুল ও ২ নভেম্বর গ্রেফতার হন আমীর খসরু। এরপর থেকেই তারা কারাগারে ছিলেন। গতকালই তাদের আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহ জানিয়েছিলেন, ফখরুল-খসরুর বিরুদ্ধে আর কোনো মামলা না থাকায় কারামুক্তিতে বাধা নেই। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## শপথ নিলেন নবনির্বাচিত এমপি শহীদুজ্জামান

নওগাঁ-২ আসনের উপ-নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্য মোঃ শহীদুজ্জামান সরকার শপথ নিয়েছেন। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীর কার্যালয়ে তিনি শপথবাক্য পাঠ করেন। জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম শপথ গ্রহণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি স্পিকার মোঃ শামসুল হক টুকু, হুইপ ইকবালুর রহিম ও হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন। শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত সংসদ সদস্য মোঃ শহীদুজ্জামান সরকার রীতি অনুযায়ী শপথ বইয়ে সই করেন। এসময় সংসদ সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## মিয়ানমারের মতো বাংলাদেশকেও অস্ত্র দিতে প্রস্তুত রাশিয়া : রুশ রাষ্ট্রদূত

রাশিয়া বাংলাদেশেও অস্ত্র সরবরাহ করতে প্রস্তুত বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত রুশ রাষ্ট্রদূত আলেক্সান্ডার মান্টিটস্কি। মিয়ানমারে রাশিয়ার অস্ত্র বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'আমরা অস্ত্র সরবরাহ করছি। কিন্তু একই সঙ্গে ভারত, চীনও অস্ত্র সরবরাহ করছে। আমরা বাংলাদেশকেও অস্ত্র সরবরাহ করতে প্রস্তুত আছি।' রাষ্ট্রদূত বলেন, 'এগুলো উন্নতমানের অস্ত্র এবং ইউক্রেন যুদ্ধ দেখলে সেটি বোঝা যায়। আমরা আগেও বাংলাদেশকে অস্ত্র সরবরাহ করেছি।' বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি জাতীয় প্রেস ক্লাবে ডিপ্লোমেটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন বাংলাদেশ, ডিক্যাব আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন রুশ রাষ্ট্রদূত। এসময় তিনি ইসরায়েল-ফিলিস্তিন চলমান সংঘাত নিয়ে কথা বলেন। ফিলিস্তিন ইস্যুতে পশ্চিমাদের ডাবল স্ট্যান্ডার্ড বা দ্বৈত নীতির কঠোর সমালোচনা করেন মান্টিটস্কি।

তিনি বলেন, 'ফিলিস্তিন ইস্যুতে পশ্চিমারা ডাবল স্ট্যান্ডার্ড বা দ্বৈত নীতি নিয়েছে। তারা ইউক্রেন ইস্যুতে অনেক সোচ্চার, কিন্তু গাজায় গণহত্যা নিয়ে নিশ্চুপ।' তবে ফিলিস্তিন ইস্যুতে বাংলাদেশ ও রাশিয়া একই মনোভাব পোষণ করে থাকে বলে অভিমত ব্যক্ত করেন রাষ্ট্রদূত। বাংলাদেশের ক্ষেত্রে ভারতের নীতি রাশিয়া অনুসরণ করে কি না, রাষ্ট্রদূতের কাছে জানতে চান সাংবাদিকরা। জবাবে তিনি বলেন, 'আমরা আমাদের নীতি অনুসরণ করি এবং এটি আমাদের ডকট্রিনে লিপিবদ্ধ আছে। রাশিয়া ও ভারতের মধ্যে অনেক বিষয়ে মতপার্থক্য আছে এবং আমরা বাংলাদেশে আমাদের নীতি অনুসরণ করি। আমরা বাংলাদেশকে ভারতের চোখে দেখি না।'

রোহিঙ্গা প্রত্যাবাসনে রাশিয়ার অবস্থান প্রসঙ্গে মান্টিটস্কি বলেন, 'রাশিয়া চায় রোহিঙ্গারা তাদের নিজ ভূমিতে ফেরত যাক। এটি নিয়ে আমাদের কোনো দ্বিমত নেই। তবে প্রত্যাবাসন প্রক্রিয়া কখন শুরু হবে সেটি এখনো অনিশ্চিত।' অন্য এক প্রশ্নে মান্টিটস্কি বলেন, 'টাকার সঙ্গে রুবল বিনিময়ে আলোচনা অব্যাহত রয়েছে। এটি করতে পারলে দুইদেশের

বাণিজ্য আরো বাড়বে।' অনুষ্ঠানে আরো বক্তব্য দেন, ডিক্যাব প্রেসিডেন্ট নূরুল ইসলাম হাসিব ও সাধারণ সম্পাদক আশিকুর রহমান অপু প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## বস্ত্রের চাহিদার পুরোটাই দেশে উৎপাদিত হয় : বস্ত্র ও পাটমন্ত্রী

দেশের বস্ত্রের চাহিদার পুরোটাই দেশে উৎপাদিত হয় বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি জাতীয় সংসদের প্রশ্নোত্তরে সরকার দলীয় এমপি আনোয়ার হোসেন খানের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বৈঠকের শুরুতে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। জাহাঙ্গীর কবির নানক বলেন, 'স্থানীয় বাজারে বাৎসরিক বস্ত্রের চাহিদা প্রায় ৭ মিলিয়ন মিটার। চাহিদা অনুযায়ী দেশে পুরোটাই উৎপাদিত হয়। তৈরি পোশাক রফতানির ক্ষেত্রে ওভেন আর ডেনিম বস্ত্রের চাহিদা ৮ বিলিয়ন মিটার। তার মধ্যে চার বিলিয়ন মিটার দেশে উৎপাদিত হয়। ৪ বিলিয়ন মিটার আমদানি করা হয়।' মন্ত্রী বলেন, 'বিটিএমসির নিয়ন্ত্রণাধীন ২৫টি বস্ত্রকলের মধ্যে ১৬টি পাবলিক প্রাইভেট পার্টনার্নারশিপ, পিপিপি-এর আওতায় পরিচালনার জন্য নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। তার মধ্যে দুইটির চুক্তি সম্পন্ন হয়েছে। দুইটির চুক্তি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বর্তমানে দেশে ৯০০টি বেসরকারি বস্ত্র কল রয়েছে।' নুরুন্নবী চৌধুরীর প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, 'দেশে বেসরকরি বস্ত্রখাতে প্রায় ৫০ লাখ শ্রমিক কর্মরত রয়েছে। দেশে তাঁত ও বস্ত্র শিল্পে ১৫ লাখ তাঁতশিল্পী নিয়োজিত রয়েছে। তাদের মধ্যে প্রত্যক্ষভাবে নিয়োজিত প্রায় ৯ লাখ ও পরোক্ষভাবে ৬ লাখ।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## নির্বাচনের প্রাক্কালে রেলে নাশকতায় ক্ষতি ৯ কোটি ২৮ লাখ ৫৬ হাজার ৩০৪ টাকা : রেলমন্ত্রী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে নাশকতায় রেলের ক্ষতির পরিমাণ ৯ কোটি ২৮ লাখ টাকা বলে জানিয়েছেন রেলমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুল হাকিম। তিনি বলেন, 'নির্বাচনের প্রাক্কালে বিএনপি, জামায়াত ও তাদের দোসর অগ্নিসন্ত্রাসের মাধ্যমে রেলে আগুন দিয়েছে। প্রাথমিক তথ্যানুযায়ী এতে রেলওয়ের আনুমানিক আর্থিক ক্ষতির পরিমাণ ৯ কোটি ২৮ লাখ ৫৬ হাজার ৩০৪ টাকা।' বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি জাতীয় সংসদে লক্ষ্মীপুর-২ আসনের সংসদ সদস্য নূর উদ্দিন চৌধুরী নয়নের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের শুরুতে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। মোরশেদ আলমের প্রশ্নের জবাবে রেলমন্ত্রী বলেন, '২০০৯ সাল থেকে এ পর্যন্ত রেলওয়ের ৯৯টি প্রকল্প নেওয়া হয়েছে। গত একযুগে দেশে ৯৪৭ দশমিক ৯৯ কিলোমিটার নতুন লেলাইন নির্মাণ, ৩৪০ দশমিক ১৭ কিলোমিটার মিটারগেজ রেললাইনকে ডুয়েলগেজে রূপান্তর, ১ হাজার ৩৯১ দশমিক ৩২ কিলোমিটার রেললাইন পুনর্নির্মাণ, ১৪৮টি নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ, ২৩৮টি স্টেশন বিল্ডিং পুনর্নির্মাণ, ১ হাজার ৬২টি নতুন রেলসেতু নির্মাণ, ৭৯৪টি রেলসেতু পুনর্নির্মাণ ও ১৩৭টি স্টেশনে সিগন্যালিং ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়ন করা হয়েছে।' স্বতন্ত্র সংসদ সদস্য মুহাম্মদ সাইফুল ইসলামের প্রশ্নের জবাবে জিল্লুল হাকিম বলেন, 'গত ২০২২-২৩ অর্থবছরে রেলওয়ের ব্যয় ছিল তিন হাজার ৩০৭ কোটি টাকা। ওই সময়ে রেলওয়ের আয় ছিল এক হাজার ৭৮৩ কোটি টাকা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

## আওয়ামী লীগের যৌথসভা শুক্রবার

কেন্দ্রীয় আওয়ামী লীগের সঙ্গে ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ, ঢাকা জেলা আওয়ামী লীগ এবং সব সহযোগী সংগঠনের সভাপতি-সাধারণ সম্পাদকদের যৌথসভা অনুষ্ঠিত হবে শুক্রবার, ১৬ ফেব্রুয়ারি। এদিন বেলা ১১টায় রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হবে। আওয়ামী লীগের দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সভায় সভাপতিত্ব করবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। সভায় সংশ্লিষ্ট সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০২.২০২৪ প্রতীক)

# BBC

## DEADLY ATTACK ON RUSSIAN SHOPPING CENTRE NEAR BORDER

At least five people have been killed in an air attack on the Russian city of Belgorod, the region's governor says. Eighteen others are said to have been wounded in the strike not far from the Ukrainian border. Videos circulating on social media showed several ambulances parked outside a heavily damaged shopping centre with shattered windows. Russian officials said air defence systems had shot down 14 Ukrainian missiles over the Belgorod region. (BBC Web Page: 15/02/24, FARUK)

## ONE DEAD AND 21 INJURED IN SUPER BOWL PARADE SHOOTING

One person has died and 21 people were wounded in a shooting in Missouri at the end of the Kansas City Chief's Super Bowl victory parade. Officials said they treated eight victims who were in immediately life-threatening condition and seven others who had suffered injuries that could prove life-threatening. Nine children were among the wounded - all are

expected to recover. Police said they have arrested three suspects in connection to the shooting. (BBC Web Page: 15/02/24, FARUK)

**PUTIN EXPRESSES PREFERENCE FOR BIDEN OVER TRUMP**

Russian President Vladimir Putin has said he would rather a Joe Biden presidency over Donald Trump ahead of the US election this November. Mr Biden was the more experienced, predictable person, he said in remarks sure to raise eyebrows. Before Mr Trump's first run for president in 2016, Mr Putin had praised him as outstanding and talented. Mr Biden has been a fierce critic of Mr Putin for years, calling him a "killer" before the invasion of Ukraine. (BBC Web Page: 15/02/24, FARUK)

**LAWMAKER'S CRYPTIC WARNING OF US SECURITY THREAT**

A top Republican has issued a cryptic warning of a serious national security threat facing the US. Officials in the US have told the BBC's partner there, CBS News, that Russia is developing a nuclear-capable weapon that could take down satellites, thereby knocking out communications. They said there is no evidence a weapon has actually been deployed. The White House has said the threat is not imminent, but that congressional leaders would be briefed this week. Lawmakers have until Friday to review intelligence about it.
(BBC Web Page: 15/02/24, FARUK)

**INDIA'S TOP COURT SCRAPS ANONYMOUS ELECTION FUNDING**

India's top court has struck down a scheme that allowed people to make anonymous donations to political parties, calling it unconstitutional. Electoral bonds were launched by Prime Minister Narendra Modi's government in 2018 to make political funding more transparent. But critics say it's done the opposite and made the process more opaque. Mr Modi's Bharatiya Janata Party (BJP) has received most of the funds through the bonds. The scheme was challenged in the Supreme Court as a "distortion of democracy". On Thursday, a five-judge constitution bench ruled that electoral bonds violate citizens right to access information held by the government. (BBC Web Page: 15/02/24, FARUK)

**SOUTH AFRICAN TROOPS KILLED IN DR CONGO ATTACK**

South African troops in the Democratic Republic of Congo have suffered their first fatalities since their recent deployment to quell a rebellion. Two soldiers were killed and three were injured after a mortar bomb landed in their base on Wednesday. In a statement, the South African army said the details of this incident are still sketchy. The troops are part of a regional force helping DR Congo's military as it confronts a series of armed groups. The most prominent is the M23, which has taken up positions on the major routes leading into Goma, the main city in the east of DR Congo. (BBC Web Page: 15/02/24, FARUK)

**JAPAN UNEXPECTEDLY SLIPS INTO A RECESSION**

Japan has unexpectedly fallen into a recession after its economy shrank for two quarters in a row. The country's gross domestic product (GDP) contracted by a worse-than-expected 0.4% in the last three months of 2023 , compared to year earlier. It came after the economy shrank by 3.3% in the previous quarter. The figures from Japan's Cabinet Office also indicate that the country has lost its position as the world's third-largest economy to Germany. Economists had expected the new data to show that Japan's GDP grew by more than 1% in the fourth quarter of last year. (BBC Web Page: 15/02/24, FARUK)

**SPACE-X BLASTS PRIVATE COMPANY'S LUNAR LANDER INTO ORBIT**

Intuitive Machines, a private Houston-based company, has launched its first lunar lander to the Moon from Cape Canaveral, Florida. A SpaceX Falcon 9 rocket was used to launch the spacecraft, nicknamed Odysseus, with the hope that it will touch down near the South Pole of the Moon on 22 February. As Intuitive Machines craft headed for the Moon, the rocket booster used for launching landed safely back on Earth. If all goes well, it would be the first time a private firm has successfully landed a spacecraft on the Moon.
(BBC Web Page: 15/02/24, FARUK)

**CAMERON URGES US CONGRESS TO BACK UKRAINE FUNDING**

Lord Cameron has urged the United States Congress to back a fresh package of military support for Ukraine. Writing for US political news website, The Hill, the UK foreign secretary warned against showing "the weakness displayed against Hitler in the 1930s". A bill promising Ukraine almost $60bn in military aid passed the Senate on Tuesday. But Republican leaders are threatening to block it in the House of Representatives. Lord Cameron's comments amount to a robust intervention in domestic US politics by the foreign

minister of an ally. Urging Congress to support the funding package, he said he was "going to drop all diplomatic niceties". (BBC Web Page: 15/02/24, FARUK)

**TWO CHINESE FISHERMEN DIE IN SEA CHASE BY TAIWAN**

Two Chinese fishermen have drowned while being chased by the Taiwanese coastguard off Taiwan's northernmost Kinmen archipelago. Taipei said the fishing boat trespassed into Taiwanese waters on Wednesday. The four fishermen on board resisted an inspection and the boat capsized when authorities gave chase. Beijing "strongly condemned" the incident, saying it "seriously hurt the feelings of compatriots on both sides of the Taiwan Strait ". Kinmen lies just 3km away from China's south-eastern coast, placing it on the frontline of tensions between China and Taiwan. (BBC Web Page: 15/02/24, FARUK)

**::THE END::**